# সমস্বর©

সমস্বর ৮৭ তম সংখ্যা (এপ্রিল - জুন, ২০২২)




## বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত

www.bata.net.bd

বাংলাদেশ তামাক বিরোধী জোটের **মুখপত্র**

## সম্পাদকীয়

# পরিবেশের উপর তামাকের নেতিবাচক প্রভাব সমগ্র প্রাণীকূলের জন্য ক্ষতিকর

তামাক এমন উদ্ভিদ যার মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশের মারাত্মক ক্ষতি হয়। তামাক সেবনের ফলে সৃষ্ট ক্ষতি সম্পর্কে জনসচেতনতা বাড়াতে বিশ্বব্যাপী প্রতি বছর ৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত হয়। তামাকের পরিবেশগত ভয়াবহতাকে গুরুত্ব দিয়ে এবার বিশ্ব তামাকমুক্ত দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'তামাকমুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ'।

বিশ্বব্যাপী তামাক সরবরাহ চেইন জলবায়ু পরিবর্তনে মারাত্মক প্রভাব ফেলছে। ধূমপানের ফলে নির্গত কার্বন ডাই অক্সাইড, মিথেন এবং অন্যান্য বিষাক্ত রাসায়নিক ও বায়ু দূষণকারী পদার্থ বায়ুমন্ডলের পরিবেশের দূষণ ঘটায়। তামাকের স্বাস্থ্যগত ক্ষতিকর প্রভাবের পাশাপাশি এর পরিবেশগত ক্ষতিকে অস্বীকার করার উপায় নেই। সিগারেট বা বিড়ি হতে নিঃসৃত ধোঁয়া কেবল ধূমপায়ী নয় অধূমপায়ীর ফুসফুস ক্যান্সার, হার্টের অসুস্থতা, চর্মরোগসহ নানা দীর্ঘমেয়াদী রোগের কারণ হতে পারে।

তামাক উৎপাদনে যে পরিমাণে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করা হয় তা মাটির স্বাভাবিক সক্ষমতা নষ্ট করে। বৃষ্টির পানিতে সার ও কীটনাশক নদী বা খালের ও সমুদ্রের পানিতে মিশে যাবার ফলে জীববৈচিত্র্য হুমকির সম্মুখীন হয়। সমুদ্র সৈকতের তীরবর্তী অঞ্চলের অধিবাসী, বড় বড় জলজ প্রাণী যেমন- বড় কচ্ছপ, শীল, হাঙ্গর এমন সকল জলজ প্রাণীর জীবন সংশয়পূর্ণ হয়ে উঠছে। অসাবধানতাবসত ফিল্টারের এই অবশিষ্টাংশ যেখানে-সেখানে ফেলার জন্য তা মানুষের জন্য যতোটা ক্ষতিকর একইরকমভাবে অন্য প্রাণীদের জন্য এটা সমানভাবে বিপজ্জনক।

তামাক পাতা চুল্লিতে শুকানো ও সিগারেট তৈরির জন্য বনজ সম্পদ ধ্বংস হয় এবং চুল্লির আশপাশের বায়ু মারাত্মক দূষিত হয়। এছাড়াও বনে বসবাসকারী প্রাণীর উপরেও তামাক এর নেতিবাচক প্রভাব পড়ছে। বন উজাড় করার অর্থ হচ্ছে প্রাকৃতিক বাসস্থানের ক্ষতি করা। ফলাফলে অনেক প্রজাতীর প্রাণী ক্রমশই নেই হয়ে যাচ্ছে। তামাক পাতা উত্তোলন ও শুকানোর কাজে নিয়োজিত থাকার ফলে নারী ও শিশুর স্বাস্থ্যও ঝুঁকির মাঝে পড়ে।

অগ্নিকান্ডের সূত্রপাত অনেকাংশেই সিগারেটের ফেলে দেয়া অংশ থেকে সৃষ্টি হয়ে থাকে। জনস্বাস্থ্যের স্বার্থেই সংশোধিত তামাক নিয়ন্ত্রণ আইন অনুসরণ করে সব ধরণের পাবলিক প্লেস এবং পাবলিক ট্রান্সপোর্টে ধূমপান নিষিদ্ধ করা হয়েছে। তবে দুর্ভাগ্যক্রমে, বেশিরভাগ ক্ষেত্রেই আইনটি মানা হয়না। তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্টের উপর আরও বেশী গুরুত্বারোপ করা উচিত।

সরকার জনস্বাস্থ্যকে সর্বাধিক গুরুত্ব দিয়ে 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা' প্রণয়ন করেছে। তামাক নিয়ন্ত্রণ আইনটি বাস্তবায়নের স্বার্থেই এই আইনটিকে যুগোপযোগী করা দরকার। তামাকজাত দ্রব্য বিক্রয়ের ক্ষেত্রে লাইসেন্সিং ব্যবস্থা প্রবর্তন করা, তামাক কোম্পানির হস্তক্ষেপ প্রতিহত করার জন্য একটি নীতি আইনে যুক্ত করা জরুরি। তামাকজাত দ্রব্যের যে মোড়ক তার মাধ্যমেও তামাক কোম্পানি তাদের প্রচারণা চালিয়ে যাচ্ছে। সিএসআর কার্যক্রমও তামাক কোম্পানির বিজ্ঞাপনের হাতিয়ার হিসেবে ব্যবহৃত হচ্ছে। তামাক কোম্পানির এই সিএসআর কার্যক্রমও আইন দ্বারা নিষিদ্ধ করা দরকার। তামাকজাত দ্রব্যে রং, সুগন্ধি ব্যবহার করা হচ্ছে যা তরুণ সমাজকে আকৃষ্ট করছে তাও আইন দ্বারা নিষিদ্ধ করা দরকার। খোলা তামাকজাত দ্রব্য বিক্রয় বন্ধ করতে হবে। এজন্য এ বিষয়গুলোকে যুক্ত করে তামাক নিয়ন্ত্রণ আইনটি সংশোধন করা হোক। পাশাপাশি তামাক চাষকে সর্বপর্যায়ে নিরুৎসাহিত করা জরুরি।

## অন্যান্য পাতায় আছে ..........


জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি) এর নেতৃত্বে আয়োজিত কর্মসূচি

খুলনায় বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত

বরিশাল জেলা প্রশাসন আয়োজিত আলোচনা সভা

প্রশিক্ষণ মডিউল (খসড়া) বিষয়ক পরামর্শসভা

'তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের প্রয়োজনীয়তা' সভা

তামাক নিয়ন্ত্রণঃ সমস্যা ও সমাধান কৌশল' ওয়েবিনার

পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষায় দৃশ্যমান আতঙ্ক তামাক

তরুণদের সুরক্ষায় তামাকের কর ও মূল্য বৃদ্ধি প্রয়োজন

তামাক কর নীতির গুরুত্ব বিষয়ক পরামর্শ কর্মশালা

ডিমলা উপজেলাকে 'তামাক চাষমুক্ত' ঘোষণার পরিকল্পনা

"পাবলিক পরিবহন ও বাস টার্মিনালে তামাকমুক্ত পরিবেশ বজায় রাখুন" শীর্ষক আলোচনা সভা

"লাশের সারি আর কত দীর্ঘ হলে বাড়বে তামাকের কর" শীর্ষক প্রতিকী অবস্থান কর্মসূচির আয়োজন

রাজধানীতে তামাক বিরোধী মোবাইল কোর্ট

"ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ বাস্তবায়নে করণীয় বিষয়ক সেমিনার"

সংসদ সদস্যের সাথে বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধিদলের স্বাক্ষাৎ

তামাক বিরোধী সংগঠনগুলোর পরিকল্পনা সভা

বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সেমিনার

'তামাকমুক্ত বাংলাদেশ গড়তে করণীয়' শীর্ষক আলোচনা সভা



### সম্পাদনা পরিষদ

সভাপতি
**সাইফুদ্দিন আহমেদ**

সদস্য
**হেলাল আহমেদ**
**আমিনুল ইসলাম বকুল**



আর্থিক সহযোগিতায়:

The Union
International Union Against Tuberculosis and Lung Disease
*Health solutions for the poor*

## জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি) এর নেতৃত্বে আয়োজিত কর্মসূচি

**সমস্বর প্রতিবেদক:** বর্ণাঢ্য আয়োজনে গত ৩১ মে পালিত হলো বিশ্ব তামাকমুক্ত দিবসের কর্মসূচি। এবারের প্রতিপাদ্য ইরেজিতে "Tobacco Threat to our environment" বাংলায় 'তামাকমুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ'। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী দিবসটি উপলক্ষ্যে পৃথক পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ



মন্ত্রণালয়ের জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনার হতে র‌্যালীটি শুরু হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় শহীদ মিনার প্রাঙ্গনে এসে সমাপ্ত হয়।

কর্মসূচিতে অংশ নেয় মোট ৩২টি সংগঠনের প্রায় ৫০০ জন প্রতিনিধি।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জনাব মো: সাইফুল হাসান বাদল, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব হোসেন আলী খোন্দকার, ঢাকা সিভিল সার্জন কার্যালয়ের উপ-পরিচালক ডা. আবু হোসেন এবং সিভিল সার্জন মো. মাঈনুল আহসান। বিভিন্ন সংগঠন তাদের নিজস্ব ব্যানার, ফেস্টুন, প্ল্যাকার্ড নিয়ে স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে বক্তারা বলেন, তামাক ও তামাকজাত দ্রব্য চাষ, বিপণন, ও গ্রহণ এর সর্বস্তরে পরিবেশকে দূষিত করে ফেলে। তামাক চাষের ফলে জমির উর্বরতা শক্তি নষ্ট হয়। তামাকচাষ ও পরিচর্যায় নিযুক্ত শ্রমিক ও কৃষকদের বিষাক্ত তামাক পাতার সংস্পর্শে বারবার আসার ফলে নানা ধরণের চর্মরোগ হয়। বিশেষকরে নারী ও শিশুদের স্বাস্থ্য ঝুঁকি তৈরী হয়।

তামাক যেভাবে পরিবেশকে দূষিত করছে এটার জন্য পৃথিবীর প্রত্যেক দেশের সরকারকেও বিপুল অর্থ ব্যয় করতে হচ্ছে। বক্তারা আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসারে, '২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ' গড়তে হলে বেশ কয়েকটি পদক্ষেপ জরুরি। তারমধ্যে অন্যতম তামাক চাষকে সর্বপর্যায়ে নিরুৎসাহিত করা, তামাক কোম্পানি থেকে অনতিবিলম্বে সরকারের শেয়ার প্রত্যাহার করা এবং তামাকজাত দ্রব্যের উপর সুনির্দিষ্ট করারোপ করা।

## তামাক বিরোধী সচেতনতামূলক সমাবেশ

**সমস্বর প্রতিবেদক:** গত ৩১ মে পুরানো ঢাকার ঐতিহাসিক বাহাদুর শাহ পার্কে (ভিক্টোরিয়া পার্ক) পরিবেশ বিনষ্টকারী তামাক কোম্পানির ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগণকে সচেতন করার পাশাপাশি তামাকের বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তুলতে বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা), ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট, প্রত্যাশা মাদক বিরোধী সংগঠন, বিএনটিটিপি ও টোব্যাকো কন্ট্রোল এন্ড রিসার্চ সেল (টিসিআরসি) এর সম্মিলিত উদ্যোগে তামাক বিরোধী গণসমাবেশ ও গণস্বাক্ষর




ক্যাম্পেইনের আয়োজন করা হয়েছে। এছাড়াও উক্ত অনুষ্ঠানে গণস্বাক্ষর ক্যাম্পেইনের পাশাপাশি, শিশু কিশোরদের অংশগ্রহণ ধূমপান বিরোধী চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বাউল গান, পোস্টার, ব্যানার, ফেস্টুন, প্ল্যাকার্ড এবং বেলুন ডিসপ্লের আয়োজন করা হয়।

'তামাকমুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ' এই প্রতিপাদ্যকে ঘিরে উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র শহিদ উল্লাহ মিনু , দ্যা ইউনিয়নের কারিগরি পরামর্শক সৈয়দ মাহবুবুল আলম, এইড ফাউন্ডেশনের প্রকল্প পরিচালক শাগুফতা সুলতানা, চলচ্চিত্র পরিচালক ছটকু আহমেদ, ডাব্লিউবিবি ট্রাস্টের প্রকল্প কর্মকর্তা আরিফ হোসেন, বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি সামিউল হাসান সজীব, ডাব্লিউবিবি ট্রাস্টের নেটওয়ার্ক কর্মকর্তা আজিম খান, স্থানীয় প্রতিনিধিবৃন্দ, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের কর্মকর্তাবৃন্দ, তামাক নিয়ন্ত্রণে কর্মরত বিভিন্ন সংগঠনের প্রতিনিধিসহ অগণিত দর্শনার্থী।

বক্তারা বলেন, তামাক চাষের ক্ষেত্রে কৃষি জমিতে বিভিন্ন রাসায়নিক ও কীটনাশকের ব্যবহার করার ফলে মাটির উর্বরতা হ্রাস, পানি ধারণ ক্ষমতা নষ্ট এবং ক্ষয় বৃদ্ধি পায়। এছাড়াও এসকল ক্ষতিকর রাসায়নিক নদী ও জলাশয়ের পানিতে মিশে পানি দূষিত করছে যা জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকিস্বরূপ। তামাক পাতা প্রক্রিয়াজাতকরণের জন্য নির্বিচারে বনজ, ফলদ, ঔষধিসহ সব রকম গাছ কেটে চুল্লিতে ব্যবহার করা হচ্ছে। যা আমাদের জীববৈচিত্র্য, পরিবেশ ও জলবায়ুর মারাত্মক ক্ষতি করছে।

## নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ ও গ্রামবাংলা উন্নয়ন কমিটির যৌথ আলোচনা সভা

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবস ২০২২, উপলক্ষে নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ ও গ্রামবাংলা উন্নয়ন কমিটি যৌথভাবে এক




আলোচনা সভার আয়োজন করে নর্দার্ন ইউনিভার্সিটি ক্যাম্পাসের ফার্মাসি অনুষদ। উক্ত অনুষ্ঠানে ছাত্র/ছাত্রীরা নিজেরা ধূমপান থেকে দূরে থাকার শপথ করেছে এবং ক্যাম্পাসকে ধূমপান মুক্ত করার ঘোষণা দেয়।

## বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন উপলক্ষে তামাক করনীতি প্রণয়নের দাবি

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন উপলক্ষে গত ২ জুন ২০২২, বাংলাদেশ তামাক বিরোধী জোট, বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্যাক্স পলিসি, এইড ফাউন্ডেশন, সিয়াম ও পিডাব্লিউডি মাধ্যমিক



বিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্র ছাত্রীদের সহায়তায় খুলনা জেলার তামাক বিরোধী জোটভুক্ত সংগঠনসমূহ পিডাব্লিউডি মাধ্যমিক বিদ্যালয়ের সম্মুখের প্রধান সড়কে মানববন্ধনের আয়োজন করে। উক্ত মানববন্ধনে এইড ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার, কাজী মোহাম্মদ হাসিবুল হক এর সভাপতিত্বে পিডাব্লিউডি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. লিয়াকত হোসেন, সিয়ামের নির্বাহী পরিচালক এ্যাড. মো. মাছুম বিল্লাহ, দ্যা ট্যাক্সেস ডোরস্ এর চেয়ারম্যান এসএমজি নেওয়াজ, মর্নিং বি কিডস স্কুল এর অধ্যক্ষ মো. শহিদুল ইসলাম বক্তব্য প্রদান করেন।

উক্ত মানববন্ধন ও সমাবেশে বক্তারা বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৬ সালে দক্ষিণ এশিয়া স্পিকার সামিটে ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাকের ব্যবহার সম্পুর্ণভাবে নির্মুল করার প্রতিশ্রুতি দেন। এই লক্ষ্য অর্জনের কৌশল হিসেবে তিনি দেশে একটি শক্তিশালী তামাক কর নীতি প্রণয়নের ঘোষণা দেন। কিন্তু প্রধানমন্ত্রীর ঘোষণার ৬ বছরেও দেশে তামাক করনীতি প্রণয়ন হয়নি। বাংলাদেশে কার্যকর তামাক নিয়ন্ত্রণের অতি সত্তর একটি শক্তিশালী তামাক কর নীতি প্রণয়ন করতে হবে।

## নরসিংদী জেলায় বিশ্ব তামাক মুক্ত দিবস পালিত

তামাক চাষ, তামাকজাত পণ্য উৎপাদন ও ব্যবহার বর্জনের ডাকে নরসিংদী জেলার পলাশ উপজেলায় প্রশাসনের উদ্যোগে বিশ্ব তামাকমুক্ত দিবস ২০২২ পালিত হয়েছে। এই উপলক্ষে গত ৩১ মে এক আলোচনা সভা ও বর্নাঢ্য র‍্যালীর আয়োজন করা হয়। শোভাযাত্রায় প্রশাসনের কর্মকর্তা কর্মচারী




তামাক চাষী ছাড়াও বিয়াম স্কুলের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। পরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার ফারহানা আফসানা চৌধুরী। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান সৈয়দ জাবেদ হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন ভূমি সহকারী (এসিল্যেন্ড) সিলভিয়া সিন্ধা, উপজেলা ভাইস চেয়ারম্যান কারী উল্লাহ সরকার, মহিলা ভাইস চেয়ারম্যান সেলিনা আক্তার, সংবাদকর্মীসহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।

**সৌজন্যে:** সকালের খবর, নরসিংদী প্রতিনিধি

## পিডিএস এর বিশ্ব তামাকমুক্ত দিবস পালন

**সমস্বর প্রতিবেদক:** বাংলাদেশ তামাক বিরোধী জোটের সক্রিয় সংগঠন পিপলস্ ডেভেলপমেন্ট সোসাইটির (পিডিএস) উদ্যোগে বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন করা হয়।




## খুলনায় বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত

**সমস্বর প্রতিবেদক:** গত ৩১ শে মে বর্ণাঢ্য শোভাযাত্রা শহরব্যাপী প্রচারণা ও আলোচনা সভার মধ্য দিয়ে খুলনায় যথাযোগ্য মর্যাদায় বিশ্ব তামাকমুক্ত




দিবস ২০২২ পালিত হয়। ২০৪০ সালের মধ্যে বাংলাদেশকে তামাকমুক্ত করার মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্য নিয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা জেলা প্রশাসক মো. মনিরুজ্জামান তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার সিভিল সার্জন ডা. সুজাত আহমেদ, অতিরিক্ত পুলিশ সুপার সুশান্ত সরকার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট পুলক কুমার মন্ডল প্রমুখ। আলোচনা সভায় সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অপ্রতিম কুমার চক্রবর্ত্তীর সঞ্চালনায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি ও সিয়ামের নির্বাহী পরিচালক এডভোকেট মো.মাছুম বিল্লাহ। এছাড়া খুলনা জেলা স্কুল, করোনেশন স্কুলসহ বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রী শিক্ষক, সরকারি ঊর্ধ্বতন কর্মকর্তাগণ বক্তব্য প্রদান করেন।

## রূপসায় বিশ্ব তামাকমুক্ত দিবস

খুলনার রূপসায় বিশ্ব তামাক মুক্ত দিবস ২০২২, পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৩১ মে ২০২২, র‍্যালীটি উপজেলার প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আলোচনা সভার মধ্য দিয়ে শেষ হয়। উপজেলা নির্বাহী অফিসার রুবাইয়া তাসনিমের সভাপতিত্বে ও সহকারী প্রোগ্রামার মো. রেজাউল করিমের সঞ্চালনায় সভায় বক্তব্য দেন, উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা আফরোজ মনা, উপজেলা প্রকৌশলী এস এম ওয়াহিদুজ্জামান, ইউসিসিএ লিমিটেডের চেয়ারম্যান এ্যাড. সুশিল কুমার পাল, সমাজসেবা কর্মকর্তা জেসিয়া জামান, মহিলা বিষয়ক কর্মকর্তা ফারহানা ইয়াসমিন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. আরিফ হোসেন, সহকারি মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. গোলাম মোস্তফা, ইউপি সদস্য চয়নিকা খান প্রমুখ।

**সৌজন্যে:** মুক্তির লড়াই, নাহিদ জামান, খুলনা প্রতিনিধি

## বরিশাল জেলা প্রশাসন আয়োজিত আলোচনা সভা

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন উপলক্ষে গত ৩১ মে বরিশাল জেলা প্রশাসন কর্তৃক জেলা সার্কিট হাউস সভা কক্ষে আয়োজিত এক আলোচনা সভায় বরিশাল জেলার এনজিও সমূহ এবং বাংলাদেশ



তামাক বিরোধী জোটের পক্ষ থেকে বরিশালের সংগঠন স্কোপ এর নির্বাহী পরিচালক কাজী এনায়েত হোসেন বক্তব্য রাখেন। বক্তব্যে তিনি তামাকমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর নিজ নিজ পরিকল্পনা থাকা জরুরি বলে উল্লেখ করেন।

## পটুয়াখালীতে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন

পটুয়াখালী দশমিনা উপজেলায় প্রশাসনের উদ্যোগে গত ৩১ মে উপজেলা চত্বরে র‍্যালী ও উপজেলা কনফারেন্স হল রুমে আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মহিউদ্দিন আল হেলাল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আবদুল আজিজ। বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা মহিলা




ভাইস চেয়ারম্যান সামছুন্নাহার খান ডলি, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. জাফর আহমেদ, উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. জিয়াউর রহমান, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইকবাল মাহমুদ লিটন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. শরিফুল ইসলামসহ বিভিন্ন এনজিও, সামাজিক সংগঠনের প্রতিনিধিগণ।

**সৌজন্যে:** ডেইলি নিউজ বাংলা, দশমিনা (পটুয়াখালী) প্রতিনিধি

## নলছিটিতে বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন

গত ৩১ মে ২০২২, নলছিটি উপজেলা প্রশাসনের উদ্যোগে নলছিটি মডেল সোসাইটি ও গ্রামবাংলা উন্নয়ন কমিটির সহযোগিতায় নলছিটিতে বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন করা হয়েছে। দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল এক বর্ণাঢ্য র‍্যালী যা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে থেকে নলছিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়। র‍্যালীর নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী অফিসার রুম্পা সিকদার ও নলছিটি মডেল সোসাইটির নির্বাহী পরিচালক মো. খলিলুর রহমান মৃধা। নলছিটি পৌরসভার কাউন্সিল ফিরোজ আলম। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সভা কক্ষে অনুষ্ঠিত এক আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার রুম্পা সিকদার। স্বাগত বক্তব্য রাখেন নলছিটি মডেল সোসাইটির নির্বাহী পরিচালক মো. খলিলুর রহমান মৃধা। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান ডালিয়া নাসরিন, নলছিটি পৌরসভার কাউন্সিল ও সমাজ উন্নয়ন কমিটির সভাপতি মো. ফিরোজ আলম, সাংবাদিক মো. শাহাদাত হোসেন মনু প্রমুখ।

**সৌজন্যে:** নলছিটি প্রতিনিধি

## ঝিকরগাছায় বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবস ২০২২, উপলক্ষে ঝিকরগাছা উপজেলা মোড়ে মানববন্ধন করা হয়। আয়োজনে ছিল পল্লী প্রগতি সংস্থা,




পেন ফাউন্ডেশন, জেডিও, স্বজন চক্র, গ্রীন ভিউ, একতা সমাজ কল্যাণ সোসাইটি। উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকতা, ও উপজেলা সমাজ সেবা অফিসার, পিপিএস এর নির্বাহী পরিচালক আবুল কালাম আজাদসহ অন্যান্য।

## বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে সাতকানিয়ায় র‍্যালী

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২২ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালী আয়োজন করে সাতকানিয়া উপজেলা প্রশাসন। গত ৩১ মে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা কমপ্লেক্সে র‍্যালী বের করা হয়। পরে সভায় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ মোতালেব-সিআইপি, ভাইস চেয়ারম্যান সালাউদ্দিন হাসান চৌধুরী, সাতকানিয়া থানার ওসি আবদুল হান্নান, সাতকানিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. তুহিন, সাতকানিয়া প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি সৈয়দ মাহফুজ-উন নবী খোকন, উপজেলা আইসিটি অফিসার আনোয়ার হোসেন পলাশ, জনপ্রতিনিধি, সাংবাদিক বিভিন্ন এনজিও প্রতিনিধিগণ।

## মৌলভীবাজারে বিশ্ব তামাকমুক্ত দিবস

**সমস্বর প্রতিবেদক:** গত ৩১ মে মৌলভীবাজারে 'তামাকমুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ' এই প্রতিপাদ্য নিয়ে মৌলভীবাজার জেলা প্রশাসনের আয়োজনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে সচেতনতামূলক র‍্যালী ও




আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত র‍্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মীর নাহিদ আহসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৌলভীবাজার পৌরসভার মেয়র মো. ফজলুর রহমান। এছাড়াও আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশিক্ষণ) সহ জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং জেলার বিভিন্ন স্কুলের শিক্ষক ও ছাত্রছাত্রীবৃন্দ। আলোচনা সভায় জেলা প্রশাসক মীর নাহিদ আহসান তামাকজাত পণ্য ব্যবহারের কুফল সম্পর্কে অবহিত করতে যুব সমাজের উদ্যেশ্যে সচেতনতামূলক বক্তব্য রাখেন।

## উপকূল সমাজ উন্নয়ন সংস্থার বিশ্ব তামাকমুক্ত দিবস




গত ৩১ মে ২০২২, বাংলাদেশ তামাক বিরোধী জোটের সক্রিয় সংগঠন উপকূল সমাজ উন্নয়ন সংস্থা (মিরসরাই, চট্টগ্রাম) উদ্যোগে বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপিত হয়।

## প্রশিক্ষণ মডিউল (খসড়া) বিষয়ক পরামর্শসভা




**সমস্বর প্রতিবেদক:** গত ৫ এপ্রিল ২০২২, অনুষ্ঠিত হয় রেলওয়ে মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নে বাংলাদেশ রেলওয়ে কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রশিক্ষণ মডিউল (খসড়া) বিষয়ক একটি পরামর্শ সভা রেলওয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

## 'তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের প্রয়োজনীয়তা' সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ১৮ মে ২০২২, ডাব্লিউবিবি ট্রাস্ট এবং বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) যৌথভাবে জাতীয় প্রেসক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে "তারুণ্যের সুরক্ষায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের প্রয়োজনীয়তা" শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করে।




উক্ত সভায় বক্তারা বলেন, সরকারের ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ গঠনের প্রত্যয় হুমকির সম্মুখীন। এর প্রকৃত উদাহরণ, বিভিন্ন রেস্টুরেন্টে তামাক কোম্পানি নিজস্ব অর্থায়নে স্মোকিং জোন তৈরি করে দিচ্ছে। এছাড়াও কোম্পানিগুলো তামাকের স্বপক্ষে গবেষণা ও বিজ্ঞাপন প্রদর্শনসহ বিভিন্ন উপায়ে তাদের পণ্যের প্রচার প্রচারণা চালিয়ে যাচ্ছে। কারণ, বাংলাদেশের মোট জনসংখ্যার ৪৯ শতাংশই তরুণ। একজন তরুণকে এই নেশায় আকৃষ্ট করা সম্ভব হলে কোম্পানির জন্য একজন দীর্ঘমেয়াদী ভোক্তা তৈরী হয়। উল্লেখ্য, Global Youth Tobacco Survey- ২০১৩ অনুসারে, বাংলাদেশের ১৩-১৫ বছর বয়সীদের মধ্যে ৫% তামাকজাত দ্রব্য গ্রহণ করে। এই সংখ্যা প্রতিনিয়ত বেড়েই চলেছে। উল্লেখিত সমস্যাসমূহ থেকে উত্তোরণের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণের মাধ্যমে তামাক নিয়ন্ত্রণ আইনের বাস্তবায়ন প্রয়োজন।

বাংলাদেশ তামাক বিরোধী জোটের (বাটা) উপদেষ্টা এবং বাংলাদেশ জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতি (নাটাব)র সভাপতি মোজাফফর হোসেন পল্টুর সভাপতিত্বে এবং স্বাস্থ্য অধিকার বিভাগের বিভাগীয় প্রধান সৈয়দা অনন্যা রহমানের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডাব্লিউবিবি ট্রাস্টের প্রকল্প কর্মকর্তা সামিউল হাসান সজীব।

উক্ত সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি) এর সমন্বয়কারী (অতিরিক্ত সচিব) হোসেন আলী খোন্দকার, বাংলাদেশ জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতির (নাটাব) সভাপতি ও বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) এর উপদেষ্টা মোজাফ্ফর হোসেন পল্টু, দ্যা ইউনিয়নের কারিগরি পরামর্শক এড. সৈয়দ মাহবুবুল আলম, প্রত্যাশা মাদক বিরোধী সংগঠনের সাধারণ সম্পাদক এবং বাংলাদেশ তামাক বিরোধী জোটের ভারপ্রাপ্ত সমন্বয়কারী হেলাল আহমেদ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডা: শিহাব উদ্দীন।

## পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষায় দৃশ্যমান আতঙ্ক তামাক

**সমস্বর প্রতিবেদক:** পরিবেশ বিধ্বংসী কর্মকান্ড বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে পরিবেশ বাঁচাও আন্দোলন (পবা) এবং বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) যৌথভাবে ডাব্লিউবিবি ট্রাস্ট এর কৈবর্ত সভা



কক্ষে গত ৬ জুন ২০২২, "পরিবেশ রক্ষায় এবং খাদ্য সংকট মোকাবেলায় তামাক নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা" শীর্ষক একটি মতবিনিময় সভা আয়োজন করে। পরিবেশ বাঁচাও আন্দোলন (পবা) এর চেয়ারম্যান, আবু নাসের খান এর সভাপতিত্বে এবং ডাব্লিউবিবি ট্রাস্টের স্বাস্থ্য অধিকার বিভাগের প্রধান সৈয়দা অনন্যা রহমানের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডাব্লিউবিবি ট্রাস্টের প্রকল্প কর্মকর্তা মিঠুন বৈদ্য। সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের (এনটিসিসি) সমন্বয়কারী (অতিরিক্ত সচিব) হোসেন আলী খোন্দকার, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (ঢাকা ডিসি অফিস) জুবায়ের হোসেন, দ্যা ইউনিয়নের কারিগরি পরামর্শক এড. সৈয়দ মাহবুবুল আলম, সিটিএফকের গ্র্যান্ড ম্যানেজার আব্দুস সালাম এবং বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) এর সমন্বয়কারী সাইফুদ্দিন আহমেদ।

উক্ত সভায় বক্তারা বলেন, বিশ্বব্যাপী তামাক সরবরাহ চেইন জলবায়ু পরিবর্তনে মারাত্মক প্রভাব ফেলছে। ধূমপানের ফলে নির্গত কার্বন ডাই অক্সাইড, মিথেন এবং অন্যান্য বিষাক্ত রাসায়নিক ও বায়ু দূষণকারী পদার্থ বায়ুমন্ডলের পরিবেশ দূষণ ঘটায়। বাংলাদেশে বছরে ১ লক্ষ ৬১ হাজার মানুষের মৃত্যু এবং ১২ লক্ষাধিক মানুষের বিভিন্ন দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হওয়ার প্রধান কারণ তামাক। প্লাস্টিকের থলি বা পাউচে নির্বিচার ধোঁয়াবিহীন তামাক ব্যবহার ও সরবরাহ বেশ কয়েকটি দেশে পরিবেশ ধ্বংসে অন্যতম প্রধান উদ্বেগের কারণ হয়ে উঠেছে।

## এফসিটিসির আলোকে আচরণবিধি প্রণয়ন জরুরী

**সমস্বর প্রতিবেদক:** গত ১৮ এপ্রিল ২০২২, 'বাংলাদেশ তামাক বিরোধী জোট' এবং 'ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট' এর সম্মিলিত উদ্যোগে বিএমএ ভবনের শহীদ ডা. শামসুল আলম খান (মিলন) সভাকক্ষে



"তামাক নিয়ন্ত্রন আইন ও নীতি সুরক্ষায় করণীয়" শীর্ষক একটি মতবিনিময় সভা আয়োজন করে। ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্টের পরিচালক গাউস পিয়ারীর সভাপতিত্বে এবং স্বাস্থ্য অধিকার বিভাগের বিভাগীয় প্রধান সৈয়দা অনন্যা রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডাব্লিউবিবি ট্রাস্টের প্রকল্প কর্মকর্তা মিঠুন বৈদ্য।

উক্ত সভায় বক্তারা বলেন, বর্তমান বিশ্বে অকাল এবং প্রতিরোধযোগ্য মৃত্যুর অন্যতম প্রধান কারণ তামাকজাত দ্রব্যের ব্যবহার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী জনস্বাস্থ্যের উন্নয়ন এবং সুরক্ষার দায়িত্ব রাষ্ট্রের। তামাকের ভয়াবহতা বিবেচনায় সরকার এর ব্যবহার কমিয়ে আনার লক্ষ্যে গ্রহণ করছে নানামুখী পদক্ষেপ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন। ইতোমধ্যে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তামাক নিয়ন্ত্রণকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বর্তমান প্রেক্ষাপটে অত্যন্ত উদ্বেগের কারণ এই যে, সরকার তামাক নিয়ন্ত্রণে ইতিবাচক উদ্যোগ গ্রহণ করলেও তামাক কোম্পানিগুলোর অবৈধ হস্তক্ষেপ আইন বাস্তবায়ন ও সহায়ক নীতি প্রণয়নে প্রতিবন্ধকতা সৃষ্টির পাশাপাশি জনস্বাস্থ্য উন্নয়নে মারাত্মক ঝুঁকি তৈরী করছে।

সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, হোসেন আলী খোন্দকার, সমন্বয়কারী (অতিরিক্ত সচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি), মো. বিল্লাল হোসেন খান, চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় নদী রক্ষা কমিশন, সৈয়দ মাহবুবুল আলম, কারিগরি পরামর্শক, দ্যা ইউনিয়ন, হেলাল আহমেদ, ভারপ্রাপ্ত সমন্বয়কারী, বাংলাদেশ তামাক বিরোধী জোট, সুশান্ত সিনহা, সিনিয়র রিপোর্টার, একাত্তর টেলিভিশন এবং মো. নাসির উদ্দিন শেখ, কান্ট্রি ম্যানেজার, ভাইটাল স্ট্র্যাটেজিস।

## 'তামাক নিয়ন্ত্রণ: সমস্যা ও সমাধান কৌশল' ওয়েবিনার

**সমস্বর প্রতিবেদক:** সরকার ও তামাক কোম্পানির উদ্দেশ্য এবং নীতি সম্পূর্ণ বিপরীত। আমরা জানি যে স্বাস্থ্যহানীকর পণ্য উৎপাদনকারী তামাক




কোম্পানিগুলোর মূল উদ্দেশ্য মুনাফা অর্জন এবং এর বিপরীতে সরকারের উদ্দেশ্য জনস্বাস্থ্য উন্নয়ন। তামাকের কারনে প্রতিবছরই স্বাস্থ্য, অর্থনীতি, পরিবেশ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আন্তর্জাতিকভাবে তামাক নিয়ন্ত্রণে পদক্ষেপ গ্রহণের পাশাপাশি বাংলাদেশেও গ্রহণ এবং বাস্তবায়ন করা হচ্ছে নানাবিধ পরিকল্পনা।

এই বিষয়ের উপর গুরুত্বারোপ করে গত ১০ মে ২০২২, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট এর আয়োজনে 'তামাক নিয়ন্ত্রণ: সমস্যা ও সমাধান কৌশল' শীর্ষক জুম ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট এর কর্মসূচি প্রধান সৈয়দা অনন্যা রহমান এর সঞ্চালনায় উক্ত সভায় সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ভাইটাল স্ট্রাটেজিস বাংলাদেশ এর কান্ট্রি ম্যানেজার নাসির উদ্দিন শেখ, একাত্তর টেলিভিশনের বিশেষ প্রতিনিধি সুশান্ত সিনহা, বাংলাদেশ তামাক বিরোধী জোটের সদস্য সামিউল হাসান সজীব এবং ডাব্লিউবিবি ট্রাস্ট এর প্রকল্প কর্মকর্তা আরিফ হোসেন।

## "তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে করণীয়"

**সমস্বর প্রতিবেদক:** গত ১৯ জুন ২০২২, ডাব্লিউবিবি ট্রাস্ট এর উদ্যোগে "তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে করণীয়" শীর্ষক অনলাইন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সন্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, কাজী এনায়েত হোসেন, নির্বাহী পরিচালক, স্কোপ, এড. মাসুম বিল্লাহ, নির্বাহী পরিচালক, সিয়াম, মো. মিজানুর রহমান রিপন, নির্বাহী পরিচালক, ওয়েপ, আবু নাসের অনীক, প্রকল্প কর্মকর্তা, এইড ফাউন্ডেশন।




আরো ছিলেন, সাবিনা ইয়াসমিন খান, প্রকল্প কর্মকর্তা, ডাব্লিউবিবি ট্রাস্টের নাজমুন নাহার নিপা, সহকারি প্রকল্প কর্মকর্তা ও উন্নয়নকর্মী দীনেশ ত্রিপুরা ও জুবায়ের হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্টের সহকারি প্রকল্প কর্মকর্তা ট্রিজা কৃষ্ণা গমেজ।

## 'তামাক নিয়ন্ত্রণে বর্তমান প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা' শীর্ষক সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ২৭ এপ্রিল ২০২২, মন্ত্রনালয়গুলো থেকে প্রাপ্ত তথ্যের আলোকে প্রস্তুতকৃত একটি গবেষণা পত্র 'বাংলাদেশ তামাক বিরোধী জোট' এবং 'ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্টের সম্মিলিত




উদ্যোগে আয়োজিত 'তামাক নিয়ন্ত্রণে বর্তমান প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা' শীর্ষক একটি সভায় প্রকাশ করা হয়।

ডেভেলপমেন্ট এ্যাকটিভিটিস অফ সোসাইটি (ডাস) এর উপদেষ্টা আমিনুল ইসলাম বকুলের সভাপতিত্বে এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্টের স্বাস্থ্য অধিকার বিভাগের প্রধান সৈয়দা অনন্যা রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে মূল গবেষণা পত্রটি উপস্থাপন করেন ডাব্লিউবিবি ট্রাস্টের প্রকল্প কর্মকর্তা আরিফ হোসেন। গবেষণা পত্রে উল্লেখ করা হয়, শুধুমাত্র স্বাস্থ্য মন্ত্রনালয়ের একক প্রচেষ্টায় কোনভাবেই তামাক নিয়ন্ত্রণ অসম্ভব। তামাক চাষ নিয়ন্ত্রণ, কর বৃদ্ধি, আইন বাস্তবায়ন প্রভৃতি বিষয়গুলোর সাথে সম্পৃক্ততা রয়েছে কৃষি, অর্থ, স্বরাষ্ট্র ইত্যাদি মন্ত্রনালয়ের। তামাক নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট পরিকল্পনা না থাকার সুযোগ নিয়ে অনেক সময় তামাক কোম্পানিগুলো বিভিন্ন মন্ত্রণালয়ে প্রভাব বিস্তারের সুযোগ নেয়। ২০৪০ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যয় অনুসারে তামাকমুক্ত বাংলাদেশ গড়ে তোলার অঙ্গীকারকে বাস্তবে পরিণত করতে হলে সার্বিক তামাক নিয়ন্ত্রণ পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি কোম্পানির হস্তক্ষেপ বন্ধ ও জনস্বাস্থ্য উন্নয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর পৃথক পৃথকভাবে নিজস্ব পরিকল্পনা থাকা জরুরি।

## তরুণদের সুরক্ষায় তামাকের কর ও মূল্য বৃদ্ধি প্রয়োজন

**সমস্বর প্রতিবেদক:** গত ২৪ এপ্রিল, ২০২২ বেসরকারি উন্নয়ন সংস্থা ডেভেলপমেন্ট অর্গানাইজেশন অব দ্যা রুরাল পূয়র (ডরপ) এর প্রধান কার্যালয়ে 'তামাক কর ও মূল্য বৃদ্ধিতে যুব সমাজের প্রস্তাবনা' শীর্ষক এক



মতবিনিময় ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় উপস্থিত তরুণরা বলেন, গ্লোবাল অ্যাডাল্ট টোব্যাকো সার্ভে (গ্যাটস) ২০১৭ অনুযায়ী, তামাকজাত দ্রব্যের মূল্য হাতের নাগালে থাকায় দেশের প্রায় ৩৫.৩ শতাংশ প্রাপ্ত বয়স্ক মানুষ (১৫ বৎসর ও তার উর্ধ্বে) বিশেষ করে তরুণ ও দরিদ্র জনগোষ্ঠী স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে। আর তাই ধূমপান ও তামাকজাত দ্রব্যের স্বাস্থ্যক্ষতির হাত থেকে জনসাধারণ ও তরুণ প্রজন্মকে বাঁচাতে তামাকের কর ও মূল্য বৃদ্ধি করার কোন বিকল্প নেই।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিটিএফকের গ্র্যান্ট ম্যানেজার আব্দুস সালাম মিঞা তামাকমুক্ত বাংলাদেশ অর্জনে তামাক কর কাঠামো সহজ করা, সুনির্দিষ্ট করারোপ করা ও ৪ স্তর বিশিষ্ট সিগারেট করকে ২টি স্তরে নির্ধারণের প্রস্তাব দেন। "সভাপতির ভাষণে ডরপ এর পরিচালক যোবায়ের হাসান বলেন, প্রস্তাবিত কর পদ্ধতি কার্যকর করা হলে সরকারের রাজস্ব আয় প্রায় ৯ হাজার কোটি টাকা বৃদ্ধি পাবে এবং ধূমপায়ীর সংখ্যা ১৫.১ শতাংশ থেকে ১৪.১ শতাংশে কমে আসবে।" উল্লেখ্য, অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ভলান্টিয়ার অপারচুনিটিজ এর প্রধান নির্বাহী মিথুন দাস কাব্য এবং ডরপ এর মিডিয়া ও অ্যাডভোকেসি কো-অর্ডিনেটর আরিফ বিল্লাহ, ডরপ ইয়ুথ চ্যাম্পিয়ন সদস্য ডা. রিফাত আল মাজিদ প্রমুখ।

## তামাকের শক্তিশালী কর নীতির দাবিতে মানববন্ধন

জামালপুরে বিশ তামাকমুক্ত দিবস উপলক্ষে 'তামাকমুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ' এই প্রতিপাদ্যকে সামনে রেখে তামাক কর নীতি প্রণয়ন করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গত পহেলা জুন ২০২২, দুপুরে শহরের বকুল তলা চত্বরে বিএনটিটিপি ও বাটার আয়োজনে এবং জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতি নাটার জামালপুরের সহযোগিতায় বিশ্ব তামাকমুক্ত দিবসে পরিবেশ ও স্বাস্থ্য সুরক্ষা শক্তিশালী তামাক কর নীতি প্রণয়নের দাবিতে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।




মানববন্ধনে উপস্থিত হয়ে জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতি নাটাবের সভাপতি তানভীর আহমেদ হীরার সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা প্রেসক্লাবের সভাপতি ফজলে এলাহী মাকাম, সিভিল সার্জন কার্যালয়ের জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মো. আনিছুর রহমান, টিআইরির এরিয়া সমন্বয়কারী আরিফ হোসেন, কবি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সাযযাদ আনসারী, সাংবাদিক খন্দকার ফুয়াদ হোসেন ও ব্রিটিশ কাউন্সিলের ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর সফিকুজ্জামান সফি। এছাড়াও বিভিন্ন সামাজিক সংগঠনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বক্তারা বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসারে ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ গঠন করবে তার ধারাবাহিকতায় পরিবেশ ও স্বাস্থ্য সুরক্ষা শক্তিশালী তামাক কর নীতি প্রণয়ন করা দরকার।

**সৌজন্যে:** নিজস্ব প্রতিবেদক, বাংলার চিঠিডট কম

## 'কার্যকর তামাক নিয়ন্ত্রণে শক্তিশালী তামাক করনীতি' শীর্ষক ওয়েবিনার

**সমস্বর প্রতিবেদক:** গত ১৭ মে ২০২২, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনৈতিক গবেষণা ব্যুরো (বিইআর), বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) এবং বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্যাক্স পলিসি (বিএনটিটিপি) এর উদ্যোগে "কার্যকর তামাক নিয়ন্ত্রণে শক্তিশালী তামাক কর নীতি" শীর্ষক একটি অনলাইন ওয়েবিনারের আয়োজন করা হয়।

ওয়েবিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও বিএনটিটিপি এর আহবায়ক ড. রুমানা হক। অনুষ্ঠানে প্যানেল আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি




বিভাগের সহযোগী অধ্যাপক এসএম আবদুল্লাহ, একাত্তর টেলিভিশনের বিশেষ প্রতিনিধি সুশান্ত সিনহা এবং ডাস এর প্রকল্প উপদেষ্টা আমিনুল ইসলাম বকুল। এছাড়া অনুষ্ঠানে গণমাধ্যম কর্মী, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ও তামাক বিরোধী বিভিন্ন সংগঠনের অর্ধশতাধিক প্রতিনিধি অংশ নেন।

## তামাক কর নীতির গুরুত্ব বিষয়ক পরামর্শ কর্মশালা

**সমস্বর প্রতিবেদক:** গত ২৯ মে ২০২২, হেলথ ইকোনোমিকস ইউনিট, এইড ফাউন্ডেশন, বিইআর ও বিএনটিপির যৌথ উদ্যোগে "জনস্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষায় তামাক কর নীতির গুরুত" শীর্ষক একটি পরামর্শমূলক কর্মশালা হেলথ ইকোনোমিকস ইউনিটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।



উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন হেলথ ইকোনোমিকস ইউনিটের মহাপরিচালক জনাব শাহাদত হোসেন। আলোচনায় অংশগ্রহণ করেন মাননীয় সংসদ সদস্য জনাব শামীম হায়দার পাটোয়ারী (এমপি), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব হোসেন আলী খোন্দকার, জাতীয় প্রেসক্লাবের সভাপতি জনাব ফরিদা ইয়াসমিন, দ্যা ইউনিয়নের টেকনিক্যাল কনসালটেন্ট জনাব হামিদুর রহমান, দ্যা ইউনিয়নের টেকনিক্যাল এডভাইজার জনাব সৈয়দ মাহবুবুল আলম তাহিন, বাংলাদেশ তামাক বিরোধী জোট এর সমন্বয়ক জনাব সাইফুদ্দিন আহম্মেদ, ঢাকা আহছানিয়া মিশনের পরিচালক জনাব ইকবাল মাসুদ চৌধুরীসহ অন্যান্য অংশগ্রগণকারীগণ।

## জেলা তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির আয়োজনে প্রশিক্ষণ কর্মশালা

**সমস্বর প্রতিবেদক:** নরসিংদী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জেলা পর্যায়ে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে টাস্কফোর্স কমিটির সদস্য

ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন জনাব হোসেন আলী খোন্দকার, সমন্বয়কারী (অতিরিক্ত সচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সভাপতিত্ব করেন আবু নইম মোহাম্মদ মারুফ খান, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।

ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন মো. হামিদুর রহমান খান, কনসালট্যান্ট দ্যা ইউনিয়ন। এতে আরো উপস্থিত ছিলেন সিভিল সার্জন, মো. নুরুল ইসলাম, জেলা সমাজসেবা কর্মকর্তা মাসুদুল হাসান তাপস, বাংলাদেশ তামাক বিরোধী জোট এর সহযোগী সংগঠন পিডিএস এর পক্ষে উপস্থিত ছিলেন মো. তাজুল ইসলাম বাদল, নির্বাহী পরিচালক।

## জৈন্তাপুরে তামাক নিয়ন্ত্রণ কমিটির সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ১৫ জুন ২০২২, সিলেটের জৈন্তাপুর উপজেলায়, উপজেলা মিলনায়তনে এক তামাক বিরোধী সভা অনুষ্ঠিত হয়। জৈন্তাপুর




উপজেলা নির্বাহী কর্মকর্তা আল বশিরুল ইসলাম এর সভাপতিত্বে ও উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. মমি দাস এর পরিচালনায় এতে উপস্থিত ছিলেন ৪ দরবস্ত ইউনিয়ন চেয়ারম্যান বাহারুল আলম বাহার, ৫নং ফতেহপুর ইউনিয়ন চেয়ারম্যান রফিক আহমদ প্রমুখ।

## উপজেলা টাস্কফোর্স কমিটির অংশগ্রহনে কর্মশালা

গত ১৪ জুন ২০২২, কালীগঞ্জে তামাক নিয়ন্ত্রন আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অংশগ্রহণে একটি




কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের সহযোগিতায় উক্ত কর্মশালাতে তামাকের ব্যবহার কমাতে ও আইন মানতে নানা দিকনির্দেশনা প্রদান করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিনের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু, পৌর মেয়র আশরাফুল আলম আশরাফ ও মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন। উপজেলা সহকারী কমিশনার (ভুমি) হাবিবুল্লাহ হাবিবের সঞ্চালনায় তামাক ব্যবহার রোধে আইন ও স্বাস্থ্য বিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আলমগীর হোসেন ও কৃষি বিষয়ে কৃষি অফিসার মোহায়মেন আক্তার নানা পরামর্শ উপস্থাপন করেন। এ ছাড়াও কর্মশালাতে আরো বক্তব্য রাখেন, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন, সাংবাদিক শাহাজান আলী বিপাশ, ইউপি চেয়ারম্যান মহিবুল ইসলাম মন্টু, মোদাচ্ছের হোসেন, আলী হোসেন অপু, রাজু আহম্মেদ রনি লস্কর, আবুল কালাম আজাদ, শহীদ নুর আলী কলেজের অধ্যক্ষ রাশেদ সাত্তার তরু ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মধুসুদন সাহাসহ পরিষদের অন্যান্য কর্মকর্তাগণ।

**সৌজন্যে:** মো. হাবিব ওসমান, ঝিনাইদহ

## মধুখালীতে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২২ উপলক্ষে ফরিদপুরের মধুখালীতে মধুখালী উপজেলা প্রশাসনের আয়োজনে এবং জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সহযোগিতায় উপজেলা পরিষদ মিলনায়তনে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।




উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আশিকুর রহমান চৌধুরীর সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শামিম আরা। আলোচক ছিলেন উপজেলা কৃষি অফিসার মো. আলভির রহমান, উপজেলা শিক্ষা অফিসার মো. সিরাজুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আব্দুস সালাম, থানা অফিসার ইনচার্জ মো. শহিদুল ইসলাম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পারমিস সুলাতা প্রমুখ। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মোহাম্মদ মুরাদুজ্জামান মুরাদ, মহিলা ভাইস চেয়ারম্যান মোরশেদা আক্তার মিনা সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ।

## মহেশপুরে তামাক উপজেলা টাস্কফোর্স কমিটির সভা

গত ২৮ জুন ২০২২, ঝিনাইদহের মহেশপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে প্রশিক্ষণে বক্তব্য রাখেন, উপজেলা ভাইস চেয়ারম্যান আজিজুল হক, মহিলা ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা, উপজেলা কৃষি অফিসার হাসান আলী,




মঙ্গলবার সকালে মহেশপুরে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে টাস্কফোর্স কমিটির প্রশিক্ষন অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার নুরুল আক্তার, থানার ওসি সেলিম মিয়া, ইউনিয়নের চেয়ারম্যানগণ, আরডিসির নির্বাহী প্রধান আব্দুর রহমান, মহেশপুর উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বাবর আলী প্রমুখ। ব্যক্তি জীবনে ও জাতীয় জীবনে তামাক ও ধূমপানের কুফল সম্পর্কে উল্লেখ করে, উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন, বলেন মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪০ সালের মধ্যে ধূমপানমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয় অর্জনে টাস্কফোর্সের সদস্যবৃন্দ ও সংশ্লিষ্ট সকল অংশীজনদের সমন্বিতভাবে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**সৌজন্যে:** আলোকিত বাংলাদেশ

## চুয়াডাঙ্গায় তামাক বিরোধী প্রশিক্ষণ অনুষ্ঠান

গত ২৮ জুন ২০২২, চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. আরাফাত রহমানের সভাপতিত্বে তামাক বিরোধী প্রশিক্ষণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে




জেলা প্রশাসক বলেন, 'পাবলিক প্লেসে ধূমপান বিরোধী অভিযান আরও জোরদার করা হচ্ছে। সরকারের নির্দেশনায় সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়ন ও অভিযানের ফলে গণপরিবহনসহ পাবলিক প্লেসে প্রকাশ্যে ধূমপানের মাত্রা বহুলাংশে হ্রাস পেয়েছে। কৃষি সম্প্রসারণের মাধ্যমে কৃষকদের তামাক চাষে নিরুৎসাহিত করতে হবে। তামাক চাষে আর্থিক লাভবান হলেও চাষীদের স্বাস্থ্যগত ঝুঁকি বাড়ে। জমিও হারায় উর্বরতা। ফলে তামাক বিরোধী গণজাগরণ গড়ে তুলে তামাকমুক্ত সমাজ গঠনে সম্মিলিত প্রচেষ্টা চালাতে হবে।

**সৌজন্যে:** সময়ের সমীকরণ


## ডিমলা উপজেলাকে 'তামাক চাষমুক্ত' ঘোষণার পরিকল্পনা

**সমস্বর প্রতিবেদক:** নীলফামারীর ডিমলা উপজেলাকে 'তামাক চাষমুক্ত' হিসেবে ঘোষণার পরিকল্পনা নিয়েছে প্রশাসন। উদ্যোগটি বাস্তবায়নে এরই মধ্যে কাজও শুরু হয়েছে তিস্তা নদী বেষ্টিত এ উপজেলায়। সম্প্রতি নীলফামারী-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আফতাব উদ্দিন সরকারের উপস্থিতিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বেলায়েত হোসেনের উদ্যোগে কৃষি বিভাগের সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় সভা হয়েছে। কৃষি বিভাগ সূত্র জানায়, উপজেলার ১০টি ইউনিয়নের মধ্যে পুর্ব ছাতনাই, পশ্চিম ছাতনাই, খগাখড়িবাড়ি, গয়বাড়ি, নাউতারা, খালিশা চাপানি ও টেপাখড়িবাড়ি ইউনিয়নে তামাক চাষ করে থাকেন ২৫৮ জন কৃষক। এ পরিকল্পনার অংশ হিসেবে থাকছে স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতি তামাক চাষ নিরুৎসাহিত করতে কৃষকদের সচেতন করে তোলা, বিকল্প ফসল চাষে আগ্রহ তৈরি করা, প্রণোদনা প্রদান, সরকারি নানা সুযোগ-সুবিধার ব্যবস্থা করাসহ বিভিন্নভাবে কৃষকদের সহযোগিতা করা।

নীলফামারী-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আফতাব উদ্দিন সরকার সচেতনতামূলক নানা কাজ, সভা-সমাবেশ ছাড়াও সরকারিভাবে তামাক চাষীদের বিভিন্ন সুবিধা দিয়ে ক্ষতিকর তামাক চাষ শূন্যের কোটায় আসবে ডিমলা উপজেলা এই বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

## ময়মনসিংহে তামাক বিরোধী সেমিনারে তথ্য প্রকাশ

**সমস্বর প্রতিবেদক:** তামাক চাষ প্রক্রিয়াজাতকরণ ও সেবন প্রতিটি ধাপে জনস্বাস্থ্য, পরিবেশ ও অর্থনীতির ক্ষতি করে। তামাক সেবনের কারণে বিভিন্ন ধরণের ক্যান্সার, হৃদরোগ, স্ট্রোক, ফুসফুসের দীর্ঘমেয়াদী রোগ, ডায়াবেটিস, বার্জাজ ডিজিজ (পায়ে পচন রোগ) সহ বিভিন্ন অসংক্রামক




রোগ হতে থাকে। ৯০ ভাগ ফুসফুস ক্যান্সারের জন্য দায়ী। গত ১৯ জুন ২০২২ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নে করণীয় বিষয়ক ময়মনসিংহ বিভাগীয় সেমিনারে এসব তথ্য তুলে ধরেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আনোয়ার হোসেন।


বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলনকক্ষে এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য- অনুবিভাগ) কাজী জেবুন্নেছা বেগম।

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাসের সভাপতিত্ব অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব নিলুফার নাজনিন, স্থানীয় সরকার বিভাগীয় পরিচালক মো. আবদুল আলীম, ময়মসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. ইউসুফ আলী, সমাজসেবার বিভাগীয় পরিচালক তাহমিনা বেগম, পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডা. মো. শাহ আলম, অতিরিক্ত পুলিশ সুপার কাজী শাহনেওয়াজ, সরকারি বিদ্যাময়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নাছিমা আক্তার, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সিনিয়র সহ-সভাপতি শংকর রায়, ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. নজরুল ইসলাম প্রমুখ।

সেমিনারে বক্তারা তামাক উৎপাদনে কৃষকদের নিরুৎসাহিত করতে সরকারি উদ্যোগ জোরদার করা, তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করা এবং তামাক বিরোধী জনসচেতনতা বাড়ানোর প্রতি গুরুত্বারোপ করেন। সেমিনারে বিভাগীয় পর্যায়ের সরকারি দপ্তরের দপ্তর প্রধান, সাংবাদিক এবং সুশীল সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

## সুজানগরে টাস্কফোর্স কমিটির সভা

**সমস্বর প্রতিবেদক:** উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উদ্যোগে এবং জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সহযোগিতায় গত ২৫ মে ২০২২, পাবনার সুজানগর উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির



ত্রৈমাসিক সভা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা রওশন আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান শাহীনুজ্জামান শাহীন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. সানজিদা মুজিব। সভায় আরো বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা কর্মকর্তা আবদুল জব্বার, সমাজসেবা কর্মকর্তা জিল্লুর রহমান, মহিলা বিষয়ক কর্মকর্তা আফজাল হোসেন ও তাঁতীবন্দ ইউপি চেয়ারম্যান আবদুল মতীন মৃধা। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল কর্মকর্তা ডা. সেলিম মোরশেদ।

## ঝিনাইদহ জেলা টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত

**সমস্বর প্রতিবেদক:** গত ১২ জুন ২০২২, ঝিনাইদহ জেলা প্রশাসনের সম্মেলনকক্ষে জেলা প্রশাসক ঝিনাইদহ ও জেলা টাস্কফোর্স কমিটির সভাপতি মহোদয় জনাব মনিরা বেগম এর সভাপতিত্বে ঝিনাইদহ জেলা টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত হয়।



সভায় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার উপপরিচালক জনাব ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক জনাব সালমা সেলিম এবং সিভিল সার্জন ঝিনাইদহ জনাব ডা. শুভ্রা রানী দেবনাথ, পুলিশ সুপারের প্রতিনিধি, সরকারের অন্যান্য দপ্তরের কর্মকর্তা, এইড ফাউন্ডেশন এবং পদ্মা সমাজকল্যাণ সংস্থার প্রতিনিধিসহ অন্যান্য সদস্যগণ।

তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণে; আইন, বর্তমান অবস্থা ও ক্ষতিকর বিষয়ের উপর প্রেজেন্টেশন উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা জনাব মো. আব্দুর রহমান রাজু। অনুষ্ঠানে বক্তারা বলেন; সরকার তামাক কোম্পানি থেকে ট্যাক্স বাবদ যা আয় করে তার চেয়ে স্বাস্থ্যখাতে সরকারের ব্যয় হয় অনেক বেশী। তামাক নিয়ন্ত্রণ আইন আরও যুগোপযোগী করে সংশোধন করা হচ্ছে।

## এইড ফাউন্ডেশন ও সাবলম্বীর ওরিয়েন্টেশন কর্মসুচি

**সমস্বর প্রতিবেদক:** তামাকজাত দ্রব্য বিক্রয় নিয়ন্ত্রণে "স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন" বিষয়ক নির্দেশিকা অনুযায়ী লাইসেন্স আরোপ করায় লক্ষে গত ১৮ মে ২০২২, দিনব্যাপী যথাক্রমে নড়াইল জেলার স্থানীয় তামাক বিরোধী জোটের সদস্য সংগঠন স্বাবলম্বীর তত্ত্বাবধানে নড়াইল জেলা সিভিল সার্জন কার্যালয়ের সম্মেলন কক্ষে এইড ফাউন্ডেশন এর তামাক নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় সহায়কদের ওরিয়েন্টেশন করানো হয়। উক্ত ওরিয়েন্টেশন কর্মসূচিতে বিশেষভাবে উপস্থিত ছিলেন মোল্লা ফোরকান আলী, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, সিভিল সার্জন অফিস



নড়াইল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাফিসুর রহমান, নির্বাহী পরিচালক, স্বাবলম্বী। অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন কাজী মোহাম্মদ হাসিবুল হক, প্রকল্প কর্মকর্তা, এইড ফাউন্ডেশন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সালেহ মো. নূর-ঈ-সাইদ ও চীফ কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার আজিজুর রহমান। উদ্বোধনকালে আরো উপস্থিত ছিলেন লফস এর নির্বাহী পরিচালক শাহানাজ পারভীন।

## রাজশাহীতে জরিপ কার্যক্রম পরিচালনা

**সমস্বর প্রতিবেদক:** গত ১১ মে ২০২২, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় তামাকজাত দ্রব্য বিক্রেতাদের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা অনুসারে পৃথকভাবে লাইসেন্সিং এর আওতায় আনা এবং আইন বহির্ভূতভাবে বিজ্ঞাপন প্রদর্শনের বর্তমান চিত্র নিরুপণের লক্ষ্যে সিটি কর্পোরেশনের সার্বিক তত্ত্বাবধানে এইড ফাউন্ডেশনের উদ্যোগে লফস, রাজশাহী জরিপ কার্যক্রম শুরু করেছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জরিপ কর্মসূচি উদ্বোধন করেন রাজশাহী সিটি কর্পোরেশন এর সচিব মহোদয় মো. মসিউর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সালেহ মো. নূর-ঈ-সাইদ ও চীফ কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার আজিজুর রহমান। উদ্বোধনকালে আরো উপস্থিত ছিলেন লফস এর নির্বাহী পরিচালক শাহানাজ পারভীন।

## তামাক নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ২৫ মে ২০২২, রাজশাহী বিভাগে তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে রাজশাহী বিভাগীয় কমিশনার জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি মহোদয়ের সাথে দ্বিপাক্ষিক আলোচনা অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন এইড ফাউন্ডেশনের প্রকল্প কর্মকর্তা



জনাব আবু নাসের অনীক, জনাব মোহাম্মদ সালাউদ্দিন রনি (কর্মসূচি ব্যবস্থাপক), লফস এবং চম্পা খাতুন (প্রকল্প কর্মকর্তা), লফস, রাজশাহী। সভায় কমিশনার মহোদয় বলেন, রাজশাহী বিভাগের আওতাভুক্ত সকল জেলা টাস্কফোর্স কমিটি তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে যাতে আরো বেশি সক্রিয় ভূমিকা পালন করে সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

গত ১২ মে ২০২২, সাভার পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জনাব শরফ উদ্দিন আহমদ চৌধুরী এর সাথে এইড ফাউন্ডেশনের প্রকল্প পরিচালক শাগুফতা সুলতানা ও প্রকল্প কর্মকর্তা আবু নাসের অনীক এর একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকার



প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এসময় আরো উপস্থিত ছিলেন নির্দেশিকা বাস্তবায়নে পৌরসভার ফোকাল পার্সন মেডিক্যাল অফিসার ডা. কাজী আয়েশা সিদ্দিকা। প্রধান নির্বাহী কর্মকর্তা অবহিত করেন, আগামী অর্থবছর থেকেই নির্দেশিকা অনুসারে তামাকজাত দ্রব্য বিক্রেতাদের স্বতন্ত্র লাইসেন্সের আওতায় আনার জন্য ইতিমধ্যেই কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

গত ২৩ মে ২০২২, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব হোসেন আলী খোন্দকার (অতিরিক্ত সচিব-পার অধিশাখা), স্বাস্থ্য সেবা



বিভাগ মহোদয়ের সাথে এইড ফাউন্ডেশনের একটি প্রাতনিধি দল সাক্ষাত করেন। সাক্ষাতকালে খুলনা বিভাগ ও রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় তামাকজাত দ্রব্য বিক্রেতাদের লাইসেন্সিং কার্যক্রমের আওতায় আনার অগ্রগতি উপস্থাপন করেন।

এসময় উপস্থিত ছিলেন দ্যা ইউনিয়নের কারিগরি পরামর্শক জনাব সৈয়দ মাহবুবুল আলম এবং টেকনিক্যাল কনসালটেন্ট জনাব হামিদুর রহমান (যুগ্ম সচিব)। প্রতিনিধি দলে ছিলেন প্রকল্প পরিচালক শাগুফতা সুলতানা ও প্রকল্প কর্মকর্তা আবু নাসের অনীক।

## “পাবলিক পরিবহন ও বাস টার্মিনালে তামাকমুক্ত পরিবেশ বজায় রাখুন” শীর্ষক আলোচনা সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ২৯ মে ২০২২, ডাস্ কর্তৃক আয়োজিত গাবতলী বাস টার্মিনালে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষ্যে “তামাকমুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ” প্রতিপাদ্যকে সামনে রেখে “পাবলিক পরিবহন ও বাস টার্মিনালগুলোতে তামাকমুক্ত পরিবেশ বজায় রাখুন” শীর্ষক আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালীর আয়োজন করা হয়। ডাস্-এর উপদেষ্টা জনাব আমিনুল




ইসলাম বকুল এর সভাপতিত্বে এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার মোয়াজ্জেম হোসেন টিপুর সঞ্চালনায় উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব আলহাজ্ব মুজিব সারোয়ার মাসুম, মাননীয় কাউন্সিলর, ওয়ার্ড নং-৯, অঞ্চল-৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। কর্মসূচির শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন ডাস্রের প্রকল্প পরিচালক জনাব দোয়া বখ্‌শ শেখ। বক্তারা তাদের বক্তব্যে পাবলিক পরিবহন ও বাস টার্মিনালগুলোকে অবিলম্বে ধূমপানমুক্ত করার দাবী জানান।

## গণপরিবহনে আইন বাস্তবায়নে গুরুত্ব ও করণীয় শীর্ষক আলোচনা সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ২৯ মার্চ ২০২২, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর আয়োজনে এবং ডেভেলপমেন্ট এ্যাক্টিভিটিজ অব সোসাইটি-ডাস্ এর সহযোগিতায় বিআরটিএ সদর কার্যালয়ের সম্মেলন কক্ষ (৬ষ্ঠ তলা), বিআরটিএ ভবন, বনানী, ঢাকায়, গণপরিবহনে তামাক নিয়ন্ত্রণ



আইন বাস্তবায়নে গুরুত্ব ও করণীয় “শীর্ষক আলোচনা সভা” অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব ওয়াজিউল্লাহ, জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ ট্রাকচালক শ্রমিক ফেডারেশন।

জনাব ওয়াজিউল্লাহ বলেন, ঢাকা পরিবহন ফেডারেশন এর পক্ষ থেকে আজকের এই মহতি অনুষ্ঠানের জন্য বিআরটিএ এবং ডাসকে ধন্যবাদ জানান। তিনি বলেন মাদকের প্রথম স্তর হলো তামাক। সুতরাং আইনের সঠিক প্রয়োগের মাধ্যমে পরবর্তী প্রজন্মকে রক্ষা করার উপর জোর দেন।

## নাটাব আয়োজিত মতবিনিময় সভা

গত ১৩ জুন ২০২২, ময়মনসিংহের ত্রিশালে উপজেলা প্রেসক্লাব মিলনায়তনে বাংলাদেশ জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতি (নাটাব) এর




আয়োজনে তামাক নিয়ন্ত্রণে স্থানীয় সরকারের তামাক নিয়ন্ত্রণ গাইডলাইন ও তামাক নিয়ন্ত্রণ আইন সিভিল সোসাইটি এ্যাকশান কমিটির ভূমিকা শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। নাটাব ত্রিশাল শাখার সভাপতি ফারুক আহমেদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফকরুদ্দীনের সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তব্য রাখেন ত্রিশাল উপজেলা প্রেসক্লাবের সভাপতি সারোয়ার জাহান জুয়েল। মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, ত্রিশাল প্রেসক্লাবের সভাপতি এ.টি.এম মনিরুজ্জামান, নাটাব ত্রিশাল শাখার যুগ্ম সম্পাদক শফিকুল ইসলাম, ত্রিশাল উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর আবু বকর ছিদ্দিক, নাটাব ময়মনসিংহ জেলা শাখার প্রোগাম অফিসার আমিরুল ইসলাম, সাংবাদিক আব্দুল মালেক, BD24CRIME এর সম্পাদক ও প্রকাশক জাহাঙ্গীর আলম তপু, মোমিন তালুকদার, তারেক হাসান বাবু সরকার, জাকিয়া বেগম প্রমুখ।

**সৌজন্যে:** ঢাকানিউজ ২৪.কম

## কর বৃদ্ধির দাবীতে ১৮টি সংগঠনের মানববন্ধন

**সমস্বর প্রতিবেদক:** ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে তামাকজাত দ্রব্যের উপর কার্যকর করারোপ না করার প্রতিবাদে গত ১৪ জুন ২০২২, তামাকবিরোধী ১৮টি সংগঠন জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন

করেছে। ঢাকা আহ্ছানিয়া মিশনের স্বাস্থ্য সেক্টরের উপ-পরিচালক মো. মোখলেছুর রহমানের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন মো. আবদুস সালাম (সিটিএফকে-বাংলাদেশ), হেলাল আহমেদ (প্রত্যাশা), শাগুফতা সুলতানা (এইড ফাউন্ডেশন), এ কে এম খলিল উল্লাহ (নাটাব), রোকেয়া বেগম (তাবিনাজ), রুবিনা ইসলাম (ডরপ), সৈয়দা অনন্যা রহমান (ডাব্লিউবিবি ট্রাস্ট), মো. মাসুদুল হাসান (উন্নয়ন সমন্বয়), মেহেদী হাসান (প্রজ্ঞা), ইব্রাহিম খলিল (বিএনটিটিপি), মাহামুদুল হাসান (ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন), আবু রায়হানসহ (মানস) অনেকে। এসময় অংশগ্রহণকারীগণ সকল প্রকার তামাকজাত দ্রব্যের উপর সম্পূরক শুল্ক বৃদ্ধি, সুনির্দিষ্ট করারোপ, সরকারের রাজস্ব বৃদ্ধি, তামাক কর নীতি প্রণয়ন, কর ব্যবস্থা আধুনিকায়ন, তামাক কোম্পানির প্রভাব প্রতিহতকরণ এবং জনস্বাস্থ্য রক্ষার দাবিতে প্রস্তাবিত বাজেট পুন:বিবেচনার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

## “লাশের সারি আর কত দীর্ঘ হলে বাড়বে তামাকের কর” শীর্ষক প্রতিকী অবস্থান কর্মসূচির আয়োজন

**সমস্বর প্রতিবেদক:** গত ১৬ জুন ২০২২, শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে “লাশের সারি আর কত দীর্ঘ হলে বাড়বে তামাকের কর” শীর্ষক প্রতিকী




অবস্থান কর্মসূচির আয়োজন করা হয়। বাংলাদেশ তামাক বিরোধী জোটের ভারপ্রাপ্ত সমন্বয়কারী হেলাল আহমেদের সভাপতিত্বে এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্টের নেটওয়ার্ক কর্মকর্তা আজিম খান এর সঞ্চালনায় উক্ত কর্মসূচিতে ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে তামাকজাত দ্রব্যের উপর কার্যকর করারোপের দাবি জানানো হয়। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ভাইটাল স্ট্র্যাটিজিসের কান্ট্রি ম্যানেজার নাসির উদ্দীন শেখ, স্কোপের নির্বাহী পরিচালক কাজী এনায়েত হোসেন, ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফোরামের চেয়ারম্যান শফিউল আযম, কেরানীগঞ্জ হিউম্যান রিসোর্স (কেএইচআরডিএস) এর নির্বাহী পরিচালক শামীমা সুলতানা, নারায়নগঞ্জ নারী কল্যান সংস্থার সভাপতি রহিমা আক্তার লিজা, নবনীতা মহিলা কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক আতিকা হোসেন, একটিভ সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটির চেয়ারম্যান তানভির  হোসেন খান, শীল্ডের নির্বাহী পরিচালক  মো. মাহবুব আলম ফিরোজ, এইড ফাউন্ডেশনের প্রকল্প পরিচালক শাগুফতা সুলতানা ও প্রকল্প কর্মকর্তা আবু নাসের অনিক, ডাব্লিউবিবি ট্রাস্টের স্বাস্থ্য অধিকার বিভাগের প্রধান সৈয়দা অনন্যা রহমান, নাটাবের প্রকল্প সমন্বয়কারী একেএম খলিল উল্লাহ, তাবিনাজের সদস্য রোকেয়া বেগম, ঢাকা আহছানিয়া মিশনের প্রকল্প কর্মকর্তা অদূত রহমান ইমন, বিইআরের প্রকল্প কর্মকতা ইব্রাহীম খলিল, মানসের প্রকল্প কর্মকর্তা আবু রায়হান।

উক্ত অবস্থান কর্মসূচিতে বক্তারা বলেন, ২০২২-২৩ অর্থবছরের বাজেটে কর বৃদ্ধির এই দাবির কোনো প্রতিফলন ঘটেনি। উপর্যুপরি, প্রস্তাবিত এ বাজেটে তামাকজাত দ্রব্যের সামান্য মূল্য বৃদ্ধির পরেও ক্রয়মূল্য আদতে ভোক্তার ক্রয়ক্ষমতার মধ্যেই থেকে গেছে। এছাড়া বাংলাদেশে খুচরা শলাকা সিগারেট বিক্রির ক্ষেত্রে কোনো প্রকার বিধিনিষেধ না থাকায় এই মূল্য বৃদ্ধি ভোক্তার উপর কোন প্রভাব ফেলবে না এবং সরকারের রাজস্ব আয় একপ্রকার অপরিবর্তিতই থাকবে। প্রস্তাবিত বাজেটে ধোঁয়াবিহীন তামাকজাত পণ্য ও ফিল্টারবিহীন বিড়ির মূল্যের কোনো পরিবর্তন হয়নি। এর ফলে সরকার হারাবে বিশাল অংকের রাজস্ব এবং ফুলে ফেঁপে উঠবে কোম্পানির লভ্যাংশ।

## সুনির্দিষ্ট কর আরোপের দাবিতে মানববন্ধন

**সমস্বর প্রতিবেদক:** মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যয় অনুসারে ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ গড়তে তামাকজাত পণ্যের যৌক্তিক কর ও মূল্য বৃদ্ধির পাশাপাশি সুনির্দিষ্ট কর আরোপের দাবিতে গত ২৮ জুন ২০২২, বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) ও ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্টের যৌথ উদ্যোগে ধানমন্ডি আবাহনী খেলার মাঠের সামনে একটি মানববন্ধনের আয়োজন করা হয়। উক্ত মানববন্ধনে বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) ও ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্টের কর্মকর্তাবৃন্দ এবং দ্যা পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

কর্মসূচিতে অংশগ্রহণকারীরা বলেন, তামাকমুক্ত বাংলাদেশ গড়তে সকল প্রকার তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধির পাশাপাশি শক্তিশালী করনীতি




প্রণয়নের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। এই প্রত্যয় বাস্তবায়নে তামাক নিয়ন্ত্রণে কর্মরত সংগঠন, রাষ্ট্রের কল্যাণ প্রত্যাশী নীতি নির্ধারক ও জনপ্রতিনিধিবৃন্দ দীর্ঘদিন যাবৎ তামাকের উপর কর বৃদ্ধির দাবি জানিয়ে আসছে। কিন্তু ২০২২-২৩ অর্থবছরের বাজেটেও তামাক কর বৃদ্ধির এই দাবির কোনো প্রতিফলন দেখা যায় নাই। তামাক কোম্পানির হস্তক্ষেপ এই কর বৃদ্ধি প্রক্রিয়াকে বাঁধাগ্রস্ত করছে। পরিশেষে তারা, তামাক কোম্পানিতে সরকারের শেয়ার প্রত্যাহার এবং এফসিটিসি আর্টিকেল ৫.৩ অনুসারে গাইডলাইন প্রণয়নের দাবি জানান।

## রাজধানীতে তামাক বিরোধী মোবাইল কোর্ট

**সমস্বর প্রতিবেদক:** গত ২১ এপ্রিল ২০২২, ঢাকার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. শহীদুল ইসলামের নির্দেশে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট



নাজমা নাহারের তত্ত্বধানে রাজধানীর সেগুনবাগিচা এলাকায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন ঢাকার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. জুবায়ের হোসেন। এসময় ঢাকা সিভিল সার্জন কার্যালয়ের পক্ষ থেকে সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ মহসিন মিয়া এবং রমনা থানার সাব ইন্সপেক্টর মো. সোহেল রানাসহ পুলিশ প্রশাসনের কর্মীরা উপস্থিত ছিলেন।

মোবাইল কোর্ট পরিচালনার সময় ‘ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫’ ধারা ৫ এর লঙ্ঘন করে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রদর্শনের অপরাধে তিনজন দোকানদারকে মোট ৪০০০ টাকা জরিমানা করা হয়। এসময় তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন সম্বলিত টি-শার্ট পরিহিত জাপান টোব্যাকো ইন্টারন্যাশনাল (জেটিআই) এর একজন কর্মীকে



আটক করা হয়। পরে উক্ত কর্মী ক্ষমা প্রার্থনা করায় বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট বিজ্ঞাপন প্রচার থেকে বিরত থাকার বিষয়ে সর্তক করে তাকে ছেড়ে দেন।

মোবাইল কোর্ট চলাকালে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ তামাক বিরোধী জোটের পক্ষ থেকে ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট, এইড ফাউন্ডেশন, নাটাব, ডাস, প্রত্যাশা এবং টিসিআরসির প্রতিনিধিবৃন্দ 'তামাক নিয়ন্ত্রণ আইন' সম্বলিত লিফলেট বিতরণ করেন।

**সমস্বর প্রতিবেদক:** গত ২৬ এপ্রিল ২০২২, ঢাকার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিট্রেট মো. শহীদুল ইসলামের নির্দেশে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমা নাহারের তত্ত্বাবধানে রাজধানীর সিএমএম কোর্ট ও জজ কোর্ট এলাকায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন ঢাকার সহকারী কমিশনার ও নির্বাহী



ম্যাজিস্ট্রেট মো. জুবায়ের হোসেন। 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' ধারা ৫ এর লঙ্ঘন করে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রদর্শনের অপরাধে মোবাইল কোর্ট চারজন দোকান মালিককে মোট ৪০০০ টাকা জরিমানা করা হয়।

মোবাইল কোর্ট চলাকালে বাংলাদেশ তামাক বিরোধী জোটের পক্ষ থেকে ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট, প্রত্যাশা, এইড ফাউন্ডেশন এবং ডাসের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

**সমস্বর প্রতিবেদক:** গত ১৯ মে ২০২২, রাজধানীর সিএমএম কোর্ট, রায়শা বাজার এলাকায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন ঢাকার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. জুবায়ের। 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' এর ধারা ৫ এর লঙ্ঘন করে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রদর্শনের অপরাধে মোবাইল কোর্ট চারজন দোকানদারকে জরিমানা করা হয় এবং তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন অপসারণ করার মাধ্যমে দোকানদারদের সচেতন করা হয়।

মোবাইল কোর্ট চলাকালে বাংলাদেশ তামাক বিরোধী জোটের পক্ষ থেকে উপস্থিত ছিলেন ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট, নাটাব, এইড ফাউন্ডেশন এবং ডাসের প্রতিনিধিবৃন্দ। তারা জনসাধারণকে তামাকজাত দ্রব্য সেবনের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করেন।

## যশোরে তামাক বিরোধী মোবাইল কোর্ট পরিচালিত

**সমস্বর প্রতিবেদক:** ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত জেলা টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত অনুযায়ী যশোর সদর জেলার আওতাধীন মুরালির মোড়ে তামাক বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। গত ১৩ জুন ২০২২, যশোরের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মো. তমিজুল ইসলাম খান মহোদয়ের নির্দেশে এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কাজী মো. সায়েমুজ্জামান মহোদয়ের তত্ত্বধানে নগরীর সদর থানার আওতাধীন মুরালির মোড়ে মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসন, যশোরের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সৈয়দা তামান্না হোরায়রা। এসময় 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' এর ৫ এর (ছ) ধারা বিধান লঙ্ঘনের দায়ে বিধান মোতাবেক ৫ ব্যক্তিকে আইন



লঙ্ঘন করে বিজ্ঞাপন প্রদর্শন করার অপরাধে নগদ ৯,০০০/-(নয় হাজার) টাকা জরিমানা করা হয় এবং সিগারেটের বিজ্ঞাপন অপসারণ করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন বাংলাদেশ পুলিশের যশোর সদর থানার পুলিশ সদস্যগণ এবং খুলনা বিভাগে তামাক নিয়ন্ত্রণে কার্যরত সংগঠন এইড ফাউন্ডেশনের প্রকল্প কর্মকর্তা, কাজী মোহাম্মদ হাসিবুল হক।

## খুলনায় সিগারেট কোম্পানিকে এক লাখ টাকা অর্থদন্ড

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ ও সংশোধনী ২০১৩ বাস্তবায়নে গঠিত জেলা টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, গত ১৭ জুন ২০২২, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা জনাব মো. মনিরুজ্জামান তালুকদার মহোদয়ের নির্দেশে এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (খুলনা) জনাব পুলক কুমার মন্ডল মহোদয়ের তত্ত্বাবধানে নগরীর খালিশপুর থানার আওতাধীন হাজী মোহাম্মদ মহসিন কলেজ রোড সংলগ্ন জাপান টোব্যাকো ইন্ডাস্ট্রিজ এর ডিপোতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসন, খুলনার সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, নূরী তাসমিন উর্মি। এসময় 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর ৫ এর ১ (চ)



ধারার বিধান লঙ্ঘন করে তামাকজাত দ্রব্যের ব্যবহার প্রবর্ধনের উদ্দেশ্যে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করার অপরাধে জাপান টোব্যাকো ইন্ডাস্ট্রিজকে (জেটিআই) ১,০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং কয়েক লক্ষ টাকার সিগারেটের বিজ্ঞাপন জব্দ করে ধ্বংস করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন এপিবিএন খুলনার একটি দল যার নেতৃত্ব দেন এস আই (নি:) মোবারক হোসেন এছাড়াও বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স খুলনার একটি দল যার নেতৃত্ব দেন আব্দুল মালেক সর্দার, সিনিয়র স্টেশন অফিসার, খুলনাসহ খালিশপুর থানা পুলিশ সদস্যগণের একটি দল এবং খুলনা সিটি কর্পোরেশন। এসময় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের গঠিত খুলনা জেলা টাস্কফোর্স কমিটির প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন এডভোকেট মাসুম বিল্লাহ, নির্বাহী পরিচালক, সিয়াম এবং কাজী মুহাম্মদ হাসিবুল হক, প্রকল্প কর্মকর্তা, এইড ফাউন্ডেশন।

**সৌজন্যে:** বাংলার গেজেট

## সাতক্ষীরায় মোবাইল কোর্ট পরিচালনা

**সমস্বর প্রতিবেদক:** গত ৮ জুন ২০২২, সাতক্ষীরায় জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পৃথকভাবে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনে মোবাইল কোর্ট জোরদার করা হয়েছে। জেলা ও সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে পৃথক দুইটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। পৃথকভাবে দুটি মোবাইল কোর্ট পরিচালনা করেন সাতক্ষীরা উপজেলা প্রশাসনের সহকারী কমিশনার (ভূমি) সুমনা আইরিন এবং জেলা প্রশাসনের সহকারী কমিশনার আব্দুল্লা আল আমিন।



সাতক্ষীরা সদর পৌরসভা এলাকায় 'ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' এর ৫ এর (চ, ছ) লঙ্ঘনের দায়ে, বিধান মোতাবেক ৮ জন ব্যক্তিকে আইন লঙ্ঘন করে বিজ্ঞাপন প্রদর্শন করার অপরাধে মোট ২ হাজার ৪ শত টাকা জরিমানা করা হয় এবং সিগারেটের বিজ্ঞাপন অপসরণ করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন বাংলাদেশ আনসার ও ভিডিপি এর এক চৌকশ দল এবং সুশান্ত মল্লিক, নির্বাহী পরিচালক, মৌমাছি ও এইড ফাউন্ডেশনের প্রকল্প কর্মকর্তা, কাজী মোহাম্মদ হাসিবুল হক।

## খুলনা জেলায় ধূমপান ও তামাক বিরোধী অভিযান

**সমস্বর প্রতিবেদক:** গত ২২ মে ২০২২, খুলনা মহানগরে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালিত হয়। জেলা



প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মো. মনিরুজ্জামান তালুকদার মহোদয়ের নির্দেশে এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা পুলক কুমার মন্ডল মহোদয়ের তত্ত্বাবধানে নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন হামিদা মুস্তফা, সহকারি কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খুলনা।

মোবাইল কোর্ট পরিচালনাকালে খুলনা সদর থানার আওতাধীন শঙ্খ মার্কেটের সামনে এক দোকান মালিককে অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির দ্বারা তামাকজাত দ্রব্য বিক্রয় করতে দেখা যায়। এই কর্মকান্ড 'ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' ৬(ক) ধারার অপরাধ হওয়ায় যথাযথ অভিযোগ আমলে নেওয়া হয় এবং অভিযোগ গঠনপূর্বক আসামির দোষ স্বীকারোক্তির ভিত্তিতে জরিমানা প্রদান করা হয়। কর্তব্যরত নির্বাহী ম্যাজিস্ট্রেট আসামিকে উক্ত আইনের সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক এক হাজার টাকা অর্থদন্ড প্রদান করেন।

এছাড়াও উক্ত আইন এর ৫ ধারার বিধান লঙ্ঘন করে বিজ্ঞাপন প্রদর্শন করার অপরাধে আরো চার দোকানিকেসহ সর্বমোট পাঁচটি মামলায় নগদ ১২,০০০ (বারো হাজার) টাকা জরিমানা করা হয় এবং সিগারেটের বিজ্ঞাপন অপসারণ করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন বাংলাদেশ আনসার ও ভিডিপির একটি চৌকস দল এবং তামাক নিয়ন্ত্রণে গঠিত টাস্কফোর্স সদস্য এবং এইড ফাউন্ডেশনের প্রকল্প কর্মকর্তা কাজী মোহাম্মদ হাসিবুল হক।

## ময়মনসিংহে মোবাইল কোর্ট পরিচালনা

**সমস্বর প্রতিবেদক:** গত ৩১ মে ২০২২, ময়মনসিংহ জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ এনামুল হক মহোদয়ের নির্দেশে এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব তাসলিমা মোস্তারীর তত্ত্বাবধানে



ময়মনসিংহ জেলার জয়নাল আবেদীন পার্ক এবং ব্রিজ মোড় এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাসরিন।

এসময় 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' এর ৪ ধারায় চারজন কে ১০০০ টাকা এবং ৫ ধারার বিধান লঙ্ঘন করে বিজ্ঞাপন প্রদর্শন করার অপরাধে দুই দোকানদারকে ১০,০০০ (দশ হাজার) টাকা + ১০, ০০০ (দশ হাজার) টাকা ২০,০০০ (বিশ হাজার) টাকা। সর্বমোট নগদ ২১,০০০ (একুশ হাজার) টাকা জরিমানা করা হয় এবং সিগারেটের বিজ্ঞাপন অপসারণ করা হয়। মোবাইল কোর্টে সহযোগিতা করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের স্যানিটারী ইন্সপেক্টর মো. জাবেদ হোসেন এবং নাটাবের প্রোগ্রাম অফিসার আমিরুল ইসলাম, পেশকার উত্তম চন্দ্রকুন্ড এবং পুলিশ প্রশাসন।

## ঝালকাঠি জেলায় মোবাইল কোর্ট পরিচালনা

**সমস্বর প্রতিবেদক:** গত ৩০ জুন ২০২২, ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার ৪টি স্থানে তামাকজাত দ্রব্য ও ধূমপানের বিজ্ঞাপন রাখায় দায়ে

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজাপুর, ঝালকাঠি কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং ৪টি প্রতিষ্ঠানকে মোট ১২,২০০ টাকা জরিমানা করা হয়। সার্বিক সহযোগিতায় ছিল গ্রামবাংলা উন্নয়ন কমিটি ও ঝালকাঠি ডেভেলপমেন্ট সোসাইটি।

## বানিয়াচংয়ে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গত ২৭ জুন ২০২২, বানিয়াচং উপজেলা পরিষদ মিলনায়তনে দিনব্যাপী তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার পদ্মাসন সিংহ।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আবুল কাসেম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ইফফাত আরা জামান উর্মি। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান হায়দারুজ্জামান খান, আহাদ মিয়া, কৃষি কর্মকর্তা মো. এনামুল হক, ওসি (তদন্ত) কবির হোসেন, বানিয়াচং প্রেসক্লাব সভাপতি মোশাহেদ মিয়া, সাধারণ সম্পাদক খলিলুর রহমান, মৎস্য অফিসার নূরুল একরাম, যুব উন্নয়ন কর্মকর্তা জাফর ইকবাল চৌধুরী, খাদ্য কর্মকর্তা খবির উদ্দিন, মহিলা




বিষয়ক কর্মকর্তা কুহেলী সরকার, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সুদীপ কুমার দে, মাধ্যমিক সহকারী শিক্ষা কর্মকর্তা কাওসার শোকরানা, ব্র্যাক ম্যানেজার পারুল বেগম, ইমাম সমিতির সভাপতি মুফতী আতাউর রহমান, বিআরডিবি কর্মকর্তা মিজানুর রহমান, ইমাম সাইদুর রহমান, প্রকল্প কর্মকর্তা (জাইকা) দেলোয়ার হোসেন, কর্মকর্তা কাওসার হোসেন, প্রধান শিক্ষক জাকির হোসেন, প্রধান শিক্ষিকা সাধনা রাণী সূত্রধর, প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা শামীমা আক্তার প্রমুখ।

**সৌজন্যে:** ইতিহাস প্রতিদিন

## পাংশায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্মশালা

রাজবাড়ী জেলার পাংশা উপজেলায় গত ১৬ জুন ২০২২, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তামাক নিয়ন্ত্রণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা-২০২২ অনুষ্ঠিত হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সহযোগিতায় পাংশা




উপজেলা প্রশাসন গতকাল উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ কর্মশালার আয়োজন করে।

পাংশা উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মাদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে তামাক নিয়ন্ত্রণ আইন সম্পর্কে উপস্থাপন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নুজহাত তাসনীম আওন। কর্মশালায় পাংশা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহাম্মদ হাসানাৎ আল মতিন, পাংশার এসিল্যান্ড নুজহাত তাসনীম আওন, পাংশা উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ রতন কুমার ঘোষ, পাংশা মডেল থানার ইন্সপেক্টর (তদন্ত) উত্তম কুমার ঘোষ, পাংশা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. প্রভাস চন্দ্র সেন, মাছপাড়া ইউপির চেয়ারম্যান ও পাংশা উপজেলা আওয়ামী লীগের সভাপতি খোন্দকার সাইফুল ইসলাম (বুড়ো), যশাই ইউপির চেয়ারম্যান ও যশাই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু হোসেন খান, পাংশা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এম এ নাহার, পাংশা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. আল মামুন ও ইউএফপিও খান এ আল মামুন প্রমুখ বক্তব্য রাখেন। বিভিন্ন ক্যাটাগারিতে মোট ৪৫ জন প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে সামাজিক সচেতনতা সৃষ্টির গুরুত্বারোপ করা হয়।

**সৌজন্যে:** দৈনিক মাতৃকণ্ঠ

## বড়লেখায় তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ

বড়লেখায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে গত ১৫ জুন ২০২২, তামাক নিয়ন্ত্রণ




আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার খন্দকার মোদাচ্ছির বিন আলীর সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান আলোচক ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রত্নদ্বীপ বিশ্বাস। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান তাজ উদ্দিন, মহিলা ভাইস চেয়ারম্যান রাহেনা বেগম হাছনা, প্রেসক্লাব সভাপতি অসিত রঞ্জন দাস, সাধারণ সম্পাদক এডভোকেট গোপাল দত্ত, উপজেলা সমাজসেবা কর্মকর্তা সাইফুল ইসলাম, উত্তর শাহবাজপুর ইউপি চেয়ারম্যান রফিক উদ্দিন, দক্ষিণভাগ দক্ষিণ ইউপি চেয়ারম্যান আজির উদ্দিন, তালিমপুর ইউপি চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা এখলাছুর রহমান, সদর ইউপি চেয়ারম্যান ছালেহ আহমদ জুয়েল, দক্ষিণভাগ উত্তর ইউপি চেয়ারম্যান এনাম উদ্দিন, সুজানগর ইউপি চেয়ারম্যান বদরুল ইসলাম, দাসের বাজার ইউপি চেয়ারম্যান স্বপন কুমার চক্রবর্ত্তী প্রমুখ।

**সৌজন্যে:** পাতাকুঁড়ির দেশ

## রাজশাহীতে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্মশালা

গত ১৯ জুন ২২০২২, রাজশাহীতে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে জেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আব্দুল জলিল।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কল্যাণ চৌধুরীর সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসনের উপপরিচালক




(স্থানীয় সরকার) শাহানা আখতার জাহান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (বোয়ালিয়া) মো. তৌহিদুল আরিফ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু সালেহ মো. আশরাফুল আলম, উপ-পুলিশ কমিশনার (এস্টেট ও উন্নয়ন) মুহম্মদ আব্দুর রকিব, সিনিয়র জেল সুপার সুব্রত কুমার বালা, যুব উন্নয়ন অধিদফতরের উপ-পরিচালক এটিএম গোলাম মাহবুব, সমাজসেবা অধিদফতরের উপ-পরিচালক মোছা. হাসিনা মমতাজ, রাজশাহী সিটি করপোরেশনের সচিব মো. মশিউর রহমান, জেলা শিক্ষা অফিসার মো. নাসির উদ্দিন, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মো. মনজুর কাদের, জেলা তথ্য অফিসের উপ-পরিচালক নাফেয়ালা নাসরিন, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক শবনম শিরিন, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর রাজশাহী জেলার সহকারী পরিচালক মো. মাসুদ আলী, সোনালী সংবাদ পত্রিকার সম্পাদক লিয়াকত আলী, রাজশাহী প্রেসক্লাবের সভাপতি সাইদুর রহমান। এছাড়াও রাজশাহী জেলার বিভিন্ন দপ্তরের সরকারি-বেসরকারি কর্মকর্তাসহ টাস্কফোর্স কমিটির সদস্য ও তামাক বিরোধী সংগঠনের ব্যক্তিবর্গ, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

**সৌজন্যে:** আমার রাজশাহী

## কুমারখালীতে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন প্রশিক্ষণ কর্মশালা

গত ২১ জুন ২০২২, উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে কুষ্টিয়ার কুমারখালীতে কর্মশালায় উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডলের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পৌর মেয়র




মো. সামসুজ্জামান অরুণ, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মেরিন আক্তার মিনা, উপজেলা কৃষি অফিসার দেবাশীষ দাস, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আকুল উদ্দিন, থানার অফিসার ইনচার্জ (ওসি) কামরুজ্জামান তালুকদার প্রমুখ।

**সৌজন্যে:** কুমারখালী আপডেট

## গোয়ালন্দে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ

**সমস্বর প্রতিবেদক:** গত ২৯ জুন ২০২২, গোয়ালন্দে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের




নিয়ে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলা গোয়ালন্দ উপজেলা পরিষদের হলরুমে অনুষ্ঠিত প্রশিক্ষণে শুভেচ্ছা বক্তব্য রাখেন গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসার মো. জাকির হোসেন। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সৈয়দ আমিরুল হক শামীমের সঞ্চালনায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন ফোকাল পার্সন ডা. শাহ মুহাম্মদ শরীফ। তামাক নিয়ন্ত্রণ আইনের উপর বক্তব্য রাখেন রিসোর্স পার্সন উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পুলিশ কর্মকর্তা এস আই মো. মনিরুল মিয়া, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, অবসর প্রাপ্ত শিক্ষক বাবু নির্মল চক্রবর্তী, তামাক বিরোধী সংগঠন ডাস বাংলাদেশের সভাপতি ও তামাক বিরোধী জোটের প্রতিনিধি মো. আমিরুল ইসলাম। প্রশিক্ষণ শেষে উপজেলা ভাইস চেয়ারম্যান (সংরক্ষিত মহিলা আসন) নার্গিস পারভীন সমাপনী বক্তবের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

## "ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ বাস্তবায়নে করণীয় বিষয়ক সেমিনার"

**সমস্বর প্রতিবেদক:** গত ২২ জুলাই ২০২২, বরিশাল বিভাগীয় কমিশনের সদর দপ্তরে 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন- ২০০৫ বাস্তবায়নে করণীয় বিষয়ক বিভাগীয় সেমিনার' অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন মো. আমিন উল আহসান, বিভাগীয় কমিশনার



(অতিরিক্ত সচিব), অতিথি হিসেবে ছিলেন অতিরিক্ত সচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল জনাব হোসেন আলী খোন্দকার। আরও উপস্থিত ছিলেন প্রশাসনের শীর্ষ কর্মকর্তাবৃন্দ। সভায় উপস্থিত ছিলেন The Union এর কারিগরি পরামর্শক এ্যাডভোকেট মাহবুবুল আলম তাহিন। তিনি 'মোবাইল কোর্ট' বাস্তবায়নের জন্য প্রশাসনের শীর্ষ কর্মকর্তাদের অনুরোধ জানান।

## ফরিদপুরে তামাক বিরোধী প্রশিক্ষণ কর্মশালা

**সমস্বর প্রতিবেদক:** গত ২০ জুন ২০২২, ফরিদপুরের আলফাডাঙ্গায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্যসেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহযোগিতায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রফিকুল হকের সভাপতিত্বে তামাক নিয়ন্ত্রণ আইন



সম্পর্কে উপস্থাপন করেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মহিন উদ্দিন। এছাড়াও তামাক নিয়ন্ত্রণ সম্পর্কে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. নাজমুল হাসান, আলফাডাঙ্গা থানার ওসি মো. ওয়াহিদুজ্জামান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আমির হামজা রানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল আউয়াল আকন, আলফাডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সেকেন্দার আলম, হৃদয়ে আলফাডাঙ্গা স্বেচ্ছাসেবী সংগঠনের পরিচালনা পর্ষদের সদস্য মিয়া রাকিবুল প্রমুখ। কর্মশালায় বিভিন্ন দপ্তরের সরকারি বেসরকারি কর্মকর্তাসহ উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য, তামাক প্রতিরোধে কাজ করে এমন স্বেচ্ছাসেবী সংগঠনের ব্যক্তিবর্গ, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

## তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে প্রশিক্ষণ কর্মশালা

**সমস্বর প্রতিবেদক:** গত ২০ জুন ২০২২, হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। জেলা উপজেলা প্রশাসন কার্যালয়ের সম্মেলন কক্ষে




উপজেলা নির্বাহী কর্মকর্তা সিদ্ধার্থ ভৌমিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আবদুল কাদির লস্কর, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান আবিদা খাতুন, ভাইস চেয়ারম্যান লুৎফর রহমান মহালদার।

উপজেলা প্রশাসনের আয়োজন তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপক্ষ কর্মকর্তাদেরকে নিয়ে উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সদস্য ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা অংশগ্রহণ করেন। এতে অংশগ্রহণ করেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মাহিদুল ইসলাম, স্বাস্থ্য কর্মকর্তা মোজাম্মেল হক, সমাজসেবা কর্মকর্তা বারিন্দ্র চন্দ্রপাল, মহিলা বিষয়ক কর্মকর্তা রুমানা আক্তার, আনসার বিডিপি কর্মকর্তা রেখা রানী পাল, দেওরগাছ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহিতুর রহমান ফরাজি রুমন, শানখলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এডভোকেট খলিলুর রহমান, আশা চুনারুঘাট ব্রাঞ্চের পরিচালক মোস্তাফিজুর রহমান, প্রেসক্লাব সভাপতি জামাল হোসেন লিটন, মাদক বিরোধী শক্তি চুনারুঘাটের সভাপতি ফুলমিয়া খন্দকারসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কর্মশালায় তামাক নিয়ন্ত্রণে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা, জনসমাবেশ ও গণপরিবহন ধূমপান মুক্তকরণ, তামাক বিরোধী প্রচারণা জোরদার করা, তামাক কোম্পানির বিজ্ঞাপন অপসারণ করা, তরুণদের ধূমপানে নিরুৎসাহিত করতে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

## তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ

**সমস্বর প্রতিবেদক:** গত ১৩ জুন ২০২২, সিলেট জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সিলেট জেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণে বিশেষজ্ঞ অভিমত উঠে এসেছে যে, এই ক্ষেত্রে




গণসচেতনতা ও আত্মপ্রত্যয়ী মানসিকতা ছাড়া কাঙ্ক্ষিত ফল মিলবেনা। তাই সচেতনতামূলক সম্ভাব্য সবধরনের কার্যক্রম পরিচালনার পাশাপাশি আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণে স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. মামুনুর রশীদের সভাপতিত্ব করেন। উক্ত প্রশিক্ষণে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহারের ক্ষতিকর দিকগুলো তুলে ধরেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক ড. মো জাকির হোসেন। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ব্যাখ্যা করে, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. আনোয়ার সাদাত। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন সহকারী কমিশনার সাদিয়া বিনতে সোলায়মান। প্রশিক্ষণে অধ্যাপক ড. মো জাকির হোসেন বলেন, ধূমপানের কারণে কেবল শারীরিক ক্ষতি নয় অর্থনীতি, পরিবার, সমাজ এবং পরিবেশও ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহারের কারণ হিসেবে পারিবারিক উদাসীনতা, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধের অভাব, অসৎ সঙ্গ, অবক্ষয়, অসচেতনতা, হতাশা, তামাকজাত দ্রব্যের সহজলভ্যতা, আইন না জানা, আইনের যথাযথ প্রয়োগের অভাব, তামাক চাষে নিয়ন্ত্রণ না থাকা ইত্যাদি বিষয়কে দায়ী করেন। তিনি এ অবস্থা থেকে উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের পাশাপাশি খাদ্যাভ্যাস পরিবর্তন ও কর্মতৎপরতা বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. আনোয়ার সাদাত ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনের বিভিন্ন দিক ব্যাখ্যাসহ তুলে ধরেন। তিনি ধূমপান ও তামাক ব্যবহারের ক্ষতিকর দিক সম্পর্কে মানুষকে সচেতন করার পাশাপাশি এ আইন সম্বন্ধে অবহিত করার উপর গুরুত্বারোপ করেন।

সভাপতির বক্তব্যে স্থানীর সরকার বিভাগের উপপরিচালক মো. মামুনুর রশীদ সন্তানদের দিকে নজর রাখতে অভিভাবকদের পরামর্শ দেন। তিনি ২০৪১ সালের আগে দেশকে ধূমপানমুক্ত করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা বাস্তবায়নে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালন করতে সবার প্রতি আহবান জানান।

প্রশিক্ষণে আলোচনা পর্বে অংশ নেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ইমরুল হাসান, সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপ কমিশনার জ্যোতির্ময় সরকার পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার শেখ মুত্তাজুল ইসলাম, ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা জন্মেজয় দত্ত, সিলেট জেলা প্রেসক্লাবের সভাপতি আল আজাদ, প্রবীণ সাংবাদিক- লেখক আফতাব চৌধুরী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক মলয় ভূষণ চক্রবর্তী, প্রাথমিক শিক্ষা বিভাগের উপপরিচালক সাখাওয়াৎ এরশেদ, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সাইদুর রহমান ভূঞা, জেলা তথ্য কর্মকর্তা উজ্জ্বল শীল, আরজদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগারের নির্বাহী পরিচালক মুহাম্মদ ছাদিকুল আলম প্রমুখ।

**সৌজন্যে:** শ্যামল সিলেট

## যশোরে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ

**সমস্বর প্রতিবেদক:** গত ২৭ জুন ২০২২, যশোর জেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কৃতিত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হোসেন আলী খোন্দকার, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।




বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ হেলাল হোসেন, যুগ্ম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং জনাব মো. ফিরোজ কবির, অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি), যশোর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জনাব মো. তমিজুল ইসলাম খান, জেলা প্রশাসক, যশোর। সভায় সকলের উপস্থিতিতে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন যশোর জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব কাজী মো. সায়েমুজ্জামান।

## তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ




**সমস্বর প্রতিবেদক:** গত ২৮ জুন ২০২২, তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কৃতিত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে কেরানীগঞ্জ উপজেলা পরিষদে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

## সংসদ সদস্যের সাথে বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধিদলের স্বাক্ষাৎ



**সমস্বর প্রতিবেদক:** তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি এবং করনীতি প্রণয়নের অনুরোধ জানিয়ে গত ৯ জুন ২০২২, সংসদ ভবনে মেহেরপুর ২ আসনের মাননীয় সংসদ সদস্য মো. সাহিদুজ্জামান খোকনের সাথে বাংলাদেশ তামাক বিরোধী জোট এর একটি প্রতিনিধিদল স্বাক্ষাৎ করেন। প্রতিনিধি দলে ছিলেন, বিএনটিটিপি এর কর্মসূচি ব্যবস্থাপক হামিদুল ইসলাম হিল্লোল, ডাব্লিউবিবি ট্রাষ্ট এর প্রকল্প কর্মকর্তা সামিউল হাসান, মিঠুন বৈদ্য, মো. আরিফ হোসেন এবং সহকারী প্রকল্প কর্মকর্তা নাজমুন নাহার নিপা।

## তামাক বিরোধী সংগঠনগুলোর পরিকল্পনা সভা

**সমস্বর প্রতিবেদক:** বিশ্ব তামাকমুক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের উদ্দেশ্য নিয়ে গত ১৬ মে ২০২২, বাংলাদেশ তামাক বিরোধী জোট এবং দ্যা ইউনিয়ন গ্র্যান্টিদের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় ।




ডেভেলপমেন্ট এ্যাক্টিভিটিস অফ সোসাইটি-ডাস্ এর উপদেষ্টা আমিনুল ইসলাম বকুলের সভাপতিত্বে উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট, দ্যা ইউনিয়নের কারিগরি পরামর্শক, নাটাব, এইড ফাউন্ডেশন, টিসিআরসি, গ্রাম বাংলা উন্নয়ন কমিটি এবং মানসের প্রতিনিধিবৃন্দ।

## বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সেমিনার

**সমস্বর প্রতিবেদক:** গত ৩০ মে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২২ উপলক্ষে "অসংক্রামক রোগ প্রতিরোধ এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ তামাক বিরোধী জোটের (বাটা) সমন্বয়কারী জনাব সাইফুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব স.ম. গোলাম কিবরিয়া, মহাপরিচালক, ডিএফপি।



উক্ত কর্মশালায় আলোচকগণ বলেন, ২০১৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী একটা আধুনিক কর কাঠামো প্রনয়ণের নির্দেশনা প্রদান করলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এখনো পর্যন্ত এটি বাস্তবায়ন করেনি। সভায় প্রেজেন্টেশনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক জনাব রুমানা হক জনস্বাস্থ্য সুরক্ষায় জাতীয় তামাক কর নীতির একটি খসড়া রূপরেখা উপস্থাপন করেন।

## 'তামাকমুক্ত বাংলাদেশ গড়তে করণীয়' শীর্ষক আলোচনা সভা

**সমস্বর প্রতিবেদক:** গত ২০ এপ্রিল ২০২২, বাংলাদেশ তামাক বিরোধী জোট, টোব্যাকো কন্ট্রোল এন্ড রিসার্চ সেল এবং ওয়ার্ক ফর এ বেটার




বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট সম্মিলিতভাবে পার্লামেন্ট মেম্বার্স ক্লাব কক্ষে "তামাকমুক্ত বাংলাদেশ গড়তে করনীয়" শীর্ষক একটি আলোচনা সভার আয়োজন করে।

বাংলাদেশ তামাক বিরোধী জোটের (বাটা) উপদেষ্টা এবং বাংলাদেশ জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতি (নাটাব)র সভাপতি মোজাফফর হোসেন পল্টুর সভাপতিত্বে এবং ব্যারিষ্টার শামীম হায়দার পাটোয়ারী এমপি (গাইবান্ধা-১) এর পরিচালনায় অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন দ্যা ইউনিয়নের কারিগরি পরামর্শক এ্যাডভোকেট সৈয়দ মাহবুবুল আলম। উক্ত সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব মো. হাবিবে মিল্লাত এমপি (সিরাজগঞ্জ- ২), বেগম আরমা দত্ত এমপি (সংরক্ষিত মহিলা আসন- ১১), জনাব রানা মোহাম্মদ সোহেল এমপি (নীলফামারী-৩), বেগম আদিবা আনজুম মিতা এমপি (সংরক্ষিত মহিলা আসন-৩৭) এবং জনাব হোসেন আলী খোন্দকার সমন্বয়কারী (অতিরিক্ত সচিব) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল।

উক্ত সভায় বক্তারা বলেন, তামাকের ব্যবহার আর্থ-সামাজিক অবস্থা ও পরিবেশের উপর বিরূপ প্রভাব ফেলছে। এ অবস্থা থেকে উত্তোরণে এফসিটিসি অনুযায়ী তামাক নিয়ন্ত্রণ আইন শক্তিশালী এবং তামাক নিয়ন্ত্রণে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী আইনগুলো যুগোপযোগী করা জরুরি।

এছাড়াও, সভায় উপস্থিত বক্তারা তামাক নিয়ন্ত্রণ আইনটি সংশোধন করে যুগোপযোগী করার প্রতি গুরুত্বারোপ করেন। তারা বলেন, সরকার তামাক নিয়ন্ত্রণে ইতিবাচক উদ্যোগ গ্রহণ করলেও তামাক কোম্পানিগুলোর অবৈধ হস্তক্ষেপ, আইন বাস্তবায়ন ও সহায়ক নীতি প্রণয়নে প্রতিবন্ধকতা সৃষ্টির পাশাপাশি জনস্বাস্থ্য উন্নয়নে মারাত্মক ঝুঁকি তৈরী করছে। বাংলাদেশে তামাক নিয়ন্ত্রণে বিগত দিনে অর্জনের পিছনে রাজনৈতিক সদিচ্ছার প্রতিফলন রয়েছে। তামাক নিয়ন্ত্রণে বর্তমান আইনটি শক্তিশালী করার পাশাপাশি বাংলাদেশে বিদ্যমান যে আইন তামাক নিয়ন্ত্রণে প্রতিবন্ধকতা তৈরী করছে সেগুলোও সংশোধন করা জরুরি। সভায় সম্মানিত আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, ড. আহমুদুজ্জামান (নির্বাহী পরিচালক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়), জাকির হোসেন ভুইয়া মাসুদ (বিশেষ প্রতিনিধি, ডাব্লিউএইচও), নাসির উদ্দীন শেখ (কান্ট্রি ম্যানেজার, ভাইটাল স্ট্র্যাটিজিস বাংলাদেশ), ইকবাল মাসুদ (পরিচালক, স্বাস্থ্য সেক্টর, ঢাকা আহসানিয়া মিশন), ফাহমিদা ইসলাম (ফোকাল পার্সন, স্টপ), হামিদুল ইসলাম হিল্লোল (প্রকল্প ব্যবস্থাপক, বিইআর), শাগুফতা সুলতানা (প্রকল্প পরিচালক, এইড ফাউন্ডেশন), সৈয়দা অনন্যা রহমান (হেড অব প্রোগ্রাম, ডাব্লিউবিবি ট্রাস্ট), মো. বজলুর রহমান (সহ. অধ্যাপক, ডিআইইউ) ও প্রমুখ।

Book Post

বাংলাদেশ তামাক বিরোধী জোটের সমন্বয়কারী **সাইফুদ্দিন আহমেদ** কর্তৃক 'বাড়ি নং ১৪/৩/এ, জাফরাবাদ, রায়ের বাজার, ঢাকা ১২০৭' থেকে প্রকাশিত ও প্রচারিত
ফোন: ৮৮-০২-৫৫০১৬৪০৯, ০১৫৫২-৪৯৩৫১৮, ফ্যাক্স: ৮৮-০২-৮৬২৯২৭১, ই-মেইল: infobatabd@gmail.com, info@bata.net.bd ওয়েব: www.bata.net.bd